

সিটির ফেডারেল নিরাপত্তা তহবিল রক্ষায় আইনি লড়াই শুরু

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটি প্রশাসন ৮২০ মিলিয়ন ডলারের ফেডারেল জননিরাপত্তা তহবিল সংরক্ষণের জন্য আইনি পদক্ষেপ নিয়েছে। যুক্তরাষ্ট্রের বিচার দপ্তর *২-এর পৃষ্ঠায় দেখুন*

ট্রাম্প-মাস্ক দ্বন্দ্বে জাতীয় নিরাপত্তা ঝুঁকিতে

সিনেটর ওয়ারেনের হুঁশিয়ারি

বাংলা পত্রিকা ডেস্ক: সিনেটর এলিজাবেথ ওয়ারেন সতর্ক করেছেন, ডোনাল্ড ট্রাম্প ও এলন মাস্কের মধ্যে দ্বন্দ্ব জাতীয় নিরাপত্তা বিঘ্নিত করতে পারে। তিনি পররাষ্ট্র সচিবকে চিঠি দিয়ে জানতে চেয়েছেন–মাস্ক যদি সরকারি চুক্তি বা স্টারলিংক সেবা হঠাৎ বন্ধ করে দেন, তাহলে কী বিকল্প পরিকল্পনা আছে। ওয়ারেন বলেন, প্রযুক্তি ও মহাকাশ খাতে মাস্কের একচেটিয়া নিয়ন্ত্রণ ট্রাম্পের প্রভাবের সঙ্গে মিলিয়ে আমেরিকার নিরাপত্তাকে হুমকিতে ফেলছে। তিনি ১৪ জুনের মধ্যে সরকারিভাবে জবাব চেয়েছেন।

পথচলায় ২৯ বছর

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com ■ Vol. 29 || Issue 36 / June 9, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩৬ ॥ সোমবার, জুন ৯, ২০২৫, জ্যৈষ্ঠ ২৬, ১৪৩২ ॥ জিলহজ্ব ১২, ১৪৪৬

প্রতিদিন ৩ হাজার অভিবাসী গ্রেপ্তারের টার্গেট!

বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসনের অভিবাসনবিরোধী অভিযানে গত ৫ মাসে এক লক্ষাধিক অবৈধ অভিবাসী গ্রেপ্তার করা হয়েছে। তবে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এ গ্রেপ্তারের সংখ্যায় সন্তুষ্ট না হওয়ায় হোমল্যান্ড সিকিউরিটি অভিযানের গতি বাড়াতে নানা পদক্ষেপ গ্রহণ করে। সর্বশেষ হোমল্যান্ড সিকিউরিটি ও আইস কর্তৃপক্ষ যুক্তরাষ্ট্রজুড়ে দৈনিক ৩ হাজার জন অবৈধ অভিবাসী গ্রেপ্তারের লক্ষ্য নিয়ে অভিযান শুরু করেছে। এজন্য তারা আদালত ও বিভিন্ন সংবেদনশীল স্থান থেকেও ব্যাপক আটক অভিযান চালাচ্ছে। ইতিমধ্যে অনেকেই আদালতে শুনানী হাজিরা দিতে গিয়ে আইসের গ্রেপ্তারের শিকার হোন। তাদের অনেকের কোন ক্রিমিনাল রিপোর্টও নেই। আর এতে চরম উদ্বেগ উৎকণ্ঠা দেখা দিয়েছে অভিবাসী ও তাদের আইনজীবিসহ ডেমোক্র্যাট প্রতিনিধিদের মধ্যে।

এদিকে আটককৃতদের আইনী পদক্ষেপ গ্রহণ করতে না দেওয়া তীব্র ক্ষোভ জানিয়েছে অভিবাসন সুরক্ষায় জড়িত মানবাধিকার সংগঠনগুলো। অপরাধে জড়িত না এমন অভিবাসীদেরকে আটকের নিন্দা জানিয়েছেন ইমিগ্রেশন রাইটস সংগঠনের কর্মকর্তাবৃন্দ। এরকম অভিযানে শুধুমাত্র ভয়ভীতি সৃষ্টি করা হচ্ছে বলে জানান তারা।

গণমাধ্যমে প্রকাশিত তথ্যমতে, গত মঙ্গলবার ২ হাজার *৭-এর পৃষ্ঠায় দেখুন*

আদালতে আইস এর অভিযান অব্যাহত

নিউইয়র্কে আবারো স্কুল ছাত্রকে আটক

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের কুইন্সের এক হাইস্কুল ছাত্রকে আদালত থেকে আটক করেছে অভিবাসন ও শুল্ক প্রয়োগ সংস্থা (আইস)। আশ্রয় আবেদন শুনানির সময় তাকে গ্রেফতার করা হয়। শনিবার সিবিএস নিউজের এক প্রতিবেদনে জানানো হয়েছে, গ্রেফতারের ঘটনায় ছাত্রের পরিবার, স্কুল কর্তৃপক্ষ ও স্থানীয় রাজনীতিবিদরা তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন।

তারা বলেন, আদালত শিশুদের জন্য 'নিরাপদ স্থান' হওয়া উচিত। শিক্ষা চ্যান্সেলর বলেন, এটি মেনে নেওয়া যায় না। সম্প্রদায়ের দাবি–শিশুদের আতঙ্ক নয়, সুরক্ষা দরকার। নিউইয়র্কে এটি এই ধরনের দ্বিতীয় ঘটনা।

এদিকে অভিবাসন অধিকারকর্মীরা দাবি করেছেন, ২৬ ফেডারেল প্লাজার ১০ তলায় শত শত অভিবাসীকে অমানবিক অবস্থায় আটকে রাখা হয়েছে বলে তাদের কাছে তথ্য রয়েছে। রোববার ফেডারেল প্লাজায় আইসের আটককেন্দ্র পরিদর্শনে যান কংগ্রেস সদস্য অ্যাড্রিয়ানো এস্পায়াৎ ও নিডিয়া ভেলাসকেজ। তবে তাদের সেখানে প্রবেশ করতে দেননি আইস কর্তৃপক্ষ।

কংগ্রেস সদস্য অ্যাড্রিয়ানো এস্পায়াৎ ও নিডিয়া ভেলাসকেজ *২-এর পৃষ্ঠায় দেখুন*

'ট্রাম্প-মাস্ক জুটির' সম্পর্ক মধুর থেকে তিক্ততায়



ডোনাল্ড ট্রাম্প ও ইলন মাস্ক। ফাইল ছবি: এএফপি

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ২০২৪ এর নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচনের আগে থেকে ডোনাল্ড ট্রাম্পের পক্ষে প্রযুক্তি উদ্যোক্তা ও ধনকুবের ইলন মাস্ক নিজের অর্থসহ সর্বত্র সরব ছিলেন। এরই ধারাবাহিকতায় ট্রাম্প ও মাস্কের সম্পর্ক খুবই ঘনিষ্ঠ পর্যায়ে দাড়ায়। এমনকি ট্রাম্প নিজ উদ্যোগে হোয়াইট হাউসে আলাদা দফতর তৈরী করে সেই দফতরের প্রধান করেন মাস্ককে। হোয়াইট হাউসে ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে এসে ইলন মাস্ক যখন সরকারি দায়িত্ব পালন করছিলেন, তখনো এ 'জুটির' মধ্যে মধুর সম্পর্ক ছিল। ডোওজ (ডিওজে) এর নান সিদ্ধান্তের বিতর্ক-সমালোচনার মাঝেও একমাত্র ট্রাম্প ও মাস্ক দুজন দুজনার প্রশংসায় পঞ্চমুখ ছিলেন। কিন্তু মুহূর্তেই ইউটার্নের মতো পাল্টে গেলো তাদের মধুর সম্পর্ক। অবশেষে গলায়-গলায় বন্ধুত্ব যেন কাঁদা ছোড়াছুঁড়িতে পর্যবসিত হল। একজন *৬-এর পৃষ্ঠায় দেখুন*

অভিবাসী ধরপাকড়ের বিক্ষোভে রণক্ষেত্র লস অ্যাঞ্জেলেস: গ্রেপ্তার অর্ধশতাধিক

* ২ হাজার ন্যাশনাল গার্ড মোতায়েন
* বিক্ষোভকারীদের সাথে আইন প্রয়োগকারী সংস্থার সংঘর্ষ



রবিবার লস অ্যাঞ্জেলেস ফডারেল ভবনের সামনে বিক্ষোভকারী ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মুখোমুখী অবস্থান। ছবি: এএফপি/গেটি ইমেজেস

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রজুড়ে অভিবাসীদের ব্যাপক ধরপাকড়ের প্রতিবাদ ও বিক্ষোভে আইন প্রয়োগকারী সংস্থা ও বিক্ষোভকারীদের থেমে থেমে সংঘর্ষের ঘটনায় উত্তাল হয়ে উঠেছে লস অ্যাঞ্জেলেস শহর। পরিস্থিতি নিয়ন্ত্রণে ২ হাজার ন্যাশনাল গার্ড মোতায়েন করা হয়েছে রবিবার থেকে। এরপরও রবিবার সংঘর্ষের ঘটনা ঘটেছে। শুক্রবার থেকে শুরু হওয়া এ বিক্ষোভ রবিবার এ রিপোর্ট লেখা পর্যন্ত দুই পক্ষের সংঘর্ষে অনেকটাই রণক্ষেত্রে পরিণত হয়েছে। প্রায় অর্ধশতাধিক বিক্ষোভাকরীকে আটক করা হয়েছে।

জানা গেছে, লস অ্যাঞ্জেলেসে অবৈধ *২-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ি-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
• TAX Liens Charge Offs • Inquiries • Collections
• Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem0003@gmail.com

ডোওজকে সামাজিক নিরাপত্তা তথ্য অ্যাক্সেসের অনুমতি দিল সুপ্রিম কোর্ট

বাংলা পত্রিকা ডেস্কঃ ডিপার্টমেন্ট অফ গভর্নমেন্ট এফিসিয়েন্সি (ডোওজ) সম্পর্কিত দুটি মামলায় ট্রাম্প প্রশাসনের পক্ষে রায় দিলো যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট। যার মধ্যে রয়েছে লক্ষ লক্ষ আমেরিকানের ব্যক্তিগত সামাজিক নিরাপত্তা সংক্রান্ত তথ্যে অ্যাক্সেসের অনুমতি। বিচারপতিরা পৃথকভাবে ডোওজের কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখার আদেশ জারি করেছেন, এই সরকারি বিভাগটি একসময় বিলিয়নেয়ার ইলন মাস্কের নেতৃত্বে ছিল।হোয়াইট হাউস থেকে মাস্কের বিদায়ের পরপরই প্রেসিডেন্ট এবং বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি মাস্কের মধ্যে সম্পর্কের টানাপোড়েনের মাঝে ডোওজের এই জয় সামনে এলো । *৫-এর পৃষ্ঠায় দেখুন*

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

অভিবাসী ধরপাকড়ের বিক্ষোভে রণক্ষেত্র লস অ্যাঞ্জেলেস: গ্রেপ্তার অর্ধশতাধিক

প্রথম পৃষ্ঠার পর

অভিবাসীদের বিরুদ্ধে ব্যাপক অভিযান শুক্রবার থেকে শুরু করে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)। আর এর প্রতিবাদে অভিবাসনবিরোধী অভিযান বন্ধের দাবিতে বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে শহরটি। শুক্রবার শুরু হওয়া এই বিক্ষোভ শনিবার ও রোববার ৩য় দিনের মতো শহরের বিভিন্ন সড়কে জড়ো হয় শত শত মানুষ। শনিবার দুপুরে বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ শুরু হয়। আন্দোলনকারীদের ছত্রভঙ্গ করতে পুলিশ টিয়ার গ্যাস, সাউন্ড গ্রেনেড ও পিপার স্প্রে ব্যবহার করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে শুরু হয় ব্যাপক ধরপাকড়। এদিন কয়েক ঘণ্টার মধ্যেই অন্তত ৪৪ জন বিক্ষোভকারীকে আটক করা হয়। এমন পরিস্থিতিতে কঠোর অবস্থান নেয় হোয়াইট হাউস। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প লস অ্যাঞ্জেলেসে ২ হাজার ন্যাশনাল গার্ড মোতায়েনের নির্দেশ দেন।

রবিবার সকালে প্রায় ৩০০ জন জাতীয় গার্ড সদস্য লস অ্যাঞ্জেলেসে পৌঁছান। লস অ্যাঞ্জেলেসে বিক্ষোভকারীদের সঙ্গে ন্যাশনাল গার্ড সদস্যদের সংঘর্ষ হয়েছে। এদিন দুপুরে একটি ফেডারেল কমপ্লেক্সের বাইরে জড়ো হওয়া জনতার ওপর টিয়ার গ্যাস ছোড়া হয়।

সংঘর্ষের ঘটনাটি ঘটে ডাউনটাউন লস অ্যাঞ্জেলেসের মেট্রোপলিটন ডিটেনশন সেন্টারের সামনে, যেখানে বিক্ষোভকারীরা সারিবদ্ধভাবে দাঁড়িয়ে থাকা দাঙ্গা প্রতিরোধে ব্যবহৃত প্লাস্টিকের ঢাল হাতে থাকা ন্যাশনাল গার্ড সদস্যদের উদ্দেশে নানা ধরণের অপমানসূচক কথা বলেন।

শনিবার প্যারামাউন্টে একটি হোম ডিপোর কাছে ফেডারেল এজেন্টরা একটি স্টেজিং এলাকা তৈরি করার সময়, বিক্ষোভকারীরা বর্ডার পেট্রোলের যানবাহন আটকে দেওয়ার চেষ্টা করে। এ সময় কিছু বিক্ষোভকারী পাথর ও সিমেন্টের টুকরো ছুড়ে মারে। এর জবাবে দাঙ্গা দমনে সজ্জিত এজেন্টরা টিয়ার গ্যাস, ফ্ল্যাশ-ব্যাং বিস্ফোরক এবং পেপার বল ছুঁড়ে প্রতিক্রিয়া জানান।



রবিবার লস অ্যাঞ্জেলেস, ক্যালিফোর্নিয়ায় ফেডারেল ভবনের কাছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সংঘর্ষের সময় বিক্ষোভকারীরা ওয়েমো গাড়িতে আগুন ধরিয়ে দেয়। ছবি:এএফপি/গেটি ইমেজেস

অপরদিকে এপি তাদের প্রতিবেদনে জানায়, অভিবাসন কর্তৃপক্ষের ধারাবাহিক অভিযান চালানোর পর শহরে উত্তেজনা চরমে পৌঁছায়, কারণ সপ্তাহব্যাপী ধরপাকড়ের সংখ্যা ১০০-এরও বেশি ছাড়িয়ে যায়। এক শ্রমিক ইউনিয়ন নেতাকে বিক্ষোভে অংশ নেওয়ার সময় গ্রেপ্তার করা হয় এবং আইন প্রয়োগে বাধা দেওয়ার অভিযোগ আনা হয় তার বিরুদ্ধে।

গভর্নর গ্যাভিন নিউসোমের আপত্তি সত্ত্বেও জাতীয় গার্ড মোতায়েন করা হয়। নিউসোম প্রেসিডেন্ট ট্রাম্পের এই পদক্ষেপকে "সম্পূর্ণ অতিরঞ্জিত" বলে অভিহিত করেন এবং বলেন, এটি কেবল বলপ্রয়োগের এক নাটক তৈরি করার জন্য করা হয়েছে।

সাম্প্রতিক এই বিক্ষোভগুলোতে শত শত মানুষ অংশ নিলেও, এটি ২০২০ সালের পুলিশি সহিংসতার বিরুদ্ধে ব্যাপক আন্দোলনের তুলনায় অনেক ছোট পরিসরের। ওই সময় নিউসোম নিজেই জাতীয় গার্ডের সহায়তা চেয়েছিলেন।

ন্যাশনাল গার্ডকে কোনো গভর্নরের অনুমতি ছাড়াই সর্বশেষ ১৯৬৫ সালে মোতায়েন করা হয়েছিল, যখন প্রেসিডেন্ট লিন্ডন বি. জনসন আলাবামায় একটি নাগরিক অধিকার মিছিল রক্ষার জন্য সেনা পাঠিয়েছিলেন ব্রেনান সেন্টার ফর জাস্টিসের তথ্য অনুযায়ী।

হোয়াইট হাউসের পক্ষ থেকে জানানো হয়, আইস সদস্যদের ওপর সহিংসতা ও ফেডারেল আইনের প্রতি অবমাননা ঠেকাতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে ট্রাম্পের এই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করেছেন ক্যালিফোর্নিয়ার গভর্নর গেভিন নিউসাম। তিনি বলেন, "এটি একটি স্পষ্ট রাজনৈতিক সিদ্ধান্ত, যা জনসাধারণের গণতান্ত্রিক অধিকার দমন করার চেষ্টা। আইস শহরে আতঙ্ক ছড়িয়ে দিচ্ছে।"

এদিকে, ট্রাম্প প্রশাসনের বিভিন্ন সিদ্ধান্তের প্রতিবাদে নিউইয়র্কে একটি টেসলা শোরুমের সামনে নতুন করে বিক্ষোভ হয়। ইলন মাস্ক ও প্রেসিডেন্ট ট্রাম্পের বিরুদ্ধে এইচআইভি প্রতিরোধ কার্যক্রমে বাধা দেওয়ার অভিযোগ তোলেন আন্দোলনকারীরা। লাল রঙে ভরা প্ল্যাকার্ড হাতে তারা মাস্ক, ট্রাম্প, রবার্ট এফ. কেনেডি জুনিয়রের ছবিতে রক্তের দাগ বসিয়ে 'হত্যাকারী' আখ্যা দেন। বিক্ষোভ ও রাজনৈতিক উত্তেজনা ক্রমেই জটিল আকার নিচ্ছে।

সিটির ফেডারেল নিরাপত্তা তহবিল রক্ষায় আইনি লড়াই শুরু

প্রথম পৃষ্ঠার পর

২৭০টির বেশি অনুদান বাতিল করায় শহরের নিরাপত্তা ও সামাজিক সেবা সংকটে পড়েছে। নিউইয়র্কসহ ১৬টি শহর মিলিত হয়ে এই অনুদান বাতিলের সিদ্ধান্তকে অবৈধ ঘোষণা করার দাবি করেছে। গত ৬ জুন শুক্রবার এক বিবৃতিতে মেয়র অফিসের কর্মকর্তারা বলছেন, তহবিল না পেলে জননিরাপত্তা ও সেবায় বড় ধরনের ক্ষতি হবে। তাই আইনী লড়াই চালিয়ে এই তহবিল রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ নিউইয়র্ক সিটি প্রশাসন ।



বাংলাদেশে এপ্রিলে নির্বাচনের ঘোষণা

রাজনৈতিক দলগুলোর দ্বিমতে সংকটের আশঙ্কা

ঢাকা ডেস্ক: নির্বাচনের সময় ঘোষণার পর থেকে বিএনপিসহ সমমনা রাজনৈতিক দলগুলোর মধ্যে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। ডিসেম্বরের মধ্যেই নির্বাচনের দাবির প্রতি অনড় বিএনপি। তবে প্রধান উপদেষ্টার এ ঘোষণায় বাংলাদেশ জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টিসহ (এনসিপি) বেশ কয়েকটি রাজনৈতিক দলের মৌন সমর্থনও রয়েছে। ফলে নির্বাচনের সময় নিয়ে দেশের রাজনৈতিক অঙ্গনে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে, যা রাজনৈতিক সংকটের দিকে যেতে পারে বলে আশঙ্কা করছেন বিশ্লেষকরা।



রাজনীতিবিদ ও রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, দেশের অধিকাংশ রাজনৈতিক দল ডিসেম্বরের মধ্যে নির্বাচনের দাবি জানিয়ে আসছে। সেই দাবি উপেক্ষা করে এপ্রিলের প্রথমার্ধে নির্বাচনের সম্ভাব্য সময়ের কথা বলা হয়েছে, সেটিও নানা কারণে বিতর্কিত। ফলে যেসব রাজনৈতিক দল ডিসেম্বরের মধ্যে নির্বাচনের পক্ষে রয়েছে, তারা তাদের দাবি নিয়ে আন্দোলন বা রাজনৈতিক কর্মসূচিতে গেলে সংকট তৈরি হতে পারে।

এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক মোহাম্মদ সাইফুল আলম চৌধুরী বলেন, 'প্রধান উপদেষ্টার সঙ্গে যে ২৬টি রাজনৈতিক দলের প্রতিনিধিরা কথা বলেছেন, তাদের মধ্যে ২৩টি দলের পক্ষ থেকে ডিসেম্বরের মধ্যেই নির্বাচন অনুষ্ঠানের দাবি জানানো হয়েছে। তবে সবচেয়ে বড় প্রশ্ন নির্বাচনের যে সময়ের কথা বলা হয়েছে আদৌ ওই সময়ে নির্বাচন করা সম্ভব কিনা। কারণ বাংলাদেশের প্রেক্ষাপটে রোজার সময় নির্বাচনের প্রচার-প্রচারণা হয় না। রোজা রেখে প্রচার-প্রচারণা করা সমস্যা। আরেকটা বিষয় রোজার সময় যেকোনো সংঘাতের ঘটনা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের পক্ষে দমন করাও কঠিন হয়ে পড়বে। তাছাড়া এপ্রিল হচ্ছে প্রাকৃতিক দুর্যোগের মাস। বড় বড় ঘূর্ণিঝড়-বজ্রপাতের মতো ঘটনা এ সময় ঘটে থাকে। এছাড়া এপ্রিলে আমাদের দেশের শিক্ষার্থীদের একটা বড় অংশের পরীক্ষাও রয়েছে।'

তিনি আরো বলেন, 'আবার যারা এপ্রিলে নির্বাচন সমর্থন করেছেন তারা নির্বাচনের আগে বেশকিছু শর্ত জুড়ে দিয়েছেন যেমন জুলাই সনদ, জুলাই ঘোষণাপত্র, এরপর স্থানীয় সরকার নির্বাচন আগে নাকি জাতীয় নির্বাচন আগে, নির্বাচন কমিশন পুনর্গঠন এবং লেভেল প্লেয়িং ফিল্ড। এ লেভেল প্লেয়িং ফিল্ডের ইস্যু সমাধান না হলে আমার কাছে মনে হয় না যে এপ্রিলেও নির্বাচন হবে! অর্থাৎ যে সংকট তৈরি হচ্ছে সেটি আমরা জিইয়ে রাখতে চাই কিনা।'

গত শুক্রবার জাতির উদ্দেশে দেয়া ভাষণে নির্বাচনের প্রাথমিক রোডম্যাপ ঘোষণা দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। ভাষণে তিনি বলেন, 'আমি দেশবাসীর কাছে ঘোষণা করছি যে আগামী জাতীয় নির্বাচন ২০২৬ ৫-এর পৃষ্ঠায় দেখুন



করিডর দেওয়ার খবরটি 'চিলে কান নিয়ে যাওয়ার গল্প'

প্রধান উপদেষ্টা ড. ইউনূস

বাংলা পত্রিকা ডেস্ক: মিয়ানমারকে করিডর দেওয়ার খবরটি 'চিলে কান নিয়ে যাওয়ার গল্প' বলে উল্লেখ করেছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূস। শুক্রবার (৬ জুন) সন্ধ্যায় জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি এ কথা বলেন।

অধ্যাপক ইউনূস বলেন, 'আমি সুস্পষ্টভাবে বলছি, এটি সর্বৈব মিথ্যা। এটা চিলে কান নিয়ে যাওয়ার গল্প। যারা অসত্য কল্পকাহিনি বানিয়ে বাংলাদেশের মানুষকে ক্রমাগত বিভ্রান্ত করে অশান্তি সৃষ্টিতে নিয়োজিত, এটা তাদেরই শিল্পকর্ম। আপনারা এ বিষয়ে হুঁশিয়ার থাকবেন। কোনোভাবেই বিভ্রান্ত হবেন না। এসব অপপ্রচার সত্ত্বেও আমরা লক্ষ্যচ্যুত হব না। এই জটিল সমস্যা সমাধানে আমাদের কাজ চালিয়ে যাব।'

তিনি বলেছেন, রাখাইন রাজ্যে মানবিক বিপর্যয়ের জন্য একটি ত্রাণ চ্যানেলের প্রস্তাব করেছিলেন জাতিসংঘ মহাসচিব। এটা করা হলে রোহিঙ্গাদের প্রত্যাবাসনে সহায়ক হবে। কিন্তু এটি প্রস্তাব পর্যায়েই রয়ে গেছে।

প্রধান উপদেষ্টা বলেন, 'আপনারা জানেন, আমাদের দেশে এখন ১২ লাখ রোহিঙ্গা বাস করছে। প্রায় ১ লাখ রোহিঙ্গা এসেছে ২০২৩ সাল থেকে ২০২৪ সালের সেপ্টেম্বর সময়কালে, যখন রাখাইন রাজ্যে ব্যাপক যুদ্ধাবস্থা বিরাজ করছিল। সেখানে চলমান সংঘাত ও মানবিক পরিস্থিতির কারণে এখনো অনেকে আসতে চেষ্টা করছে।

রোহিঙ্গাদের বাংলাদেশে আসা বন্ধ করতে এবং যারা ইতিমধ্যে বাংলাদেশে অবস্থান করছে, তাদের প্রত্যাবাসনের জন্য আমরা উদ্যোগ নিয়েছি। আমরা যখন দায়িত্ব গ্রহণ করেছিলাম, ৫-এর পৃষ্ঠায় দেখুন

জুন 2025

প্রাথমিক নির্বাচন

নির্বাচনের দিন: মঙ্গলবার, 24 জুন

আগাম ভোটদান: 14 জুন – 22 জুন

র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান ব্যবহার করে কীভাবে ভোট দেবেন



- ☑ **আপনার 1ম পছন্দটি নির্বাচন করুন** এবং 1ম কলামের নিচে সংশ্লিষ্ট ডিম্বাকৃতি অংশটি পূরণ করুন।
- ☑ আপনি কি একাধিক প্রার্থীকে পছন্দ করেন? পছন্দের ক্রমানুসারে **5 জন পর্যন্ত** প্রার্থীকে র‍্যাঙ্ক করুন।
- ☑ আপনি শুধুমাত্র **1** জন প্রার্থীকেও ভোট দিতে পারেন।
- ☒ একই প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করবেন না
- ☒ একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্ক দেবেন না।

ভোটকেন্দ্রে ভাষাগত অ্যাক্সেস

আপনার সাথে **একজন দোভাষীকে আনার অধিকার** আপনার রয়েছে।

CEC নির্দিষ্ট কিছু ভোটকেন্দ্রে এবং নির্দিষ্ট কিছু ভাষায় দোভাষীও সরবরাহ করবে।

এখানে গিয়ে আরো জানুন:

on.nyc.gov/vla

CEC NYC | VOTER LANGUAGE ASSISTANCE

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

রাজনীতির গতিধারা

সবকিছু মিলিয়ে রাজনীতি যে জটের মধ্যে পড়েছে, তাতে সাধারণ মানুষ বুঝে উঠতে পারছে না দেশের গন্তব্য কোন দিকে।

আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ, নির্বাচন নিয়ে বিএনপির সঙ্গে সরকারের সম্পর্ক শীতল, জামায়াতে ইসলামী ও এনসিপি নির্বাচন প্রশ্নে সরকারের সঙ্গে একমত-এ রকম এক পরিস্থিতিতে নামসর্বস্ব বা এক নেতাকেন্দ্রিক দলগুলোও সক্রিয় হয়ে উঠেছে। জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানের পর বিএনপি ভেবেছিল, ক্ষমতায় আসা তাদের দলের জন্য সময়ের ব্যাপারমাত্র, কিন্তু অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, নির্বাচন বিষয়ে সরকার ও বিএনপি ঐকমত্যে পৌঁছাতে পারবে না। যত দিন যাচ্ছে, পরিস্থিতি ততটাই ঘোরালো হয়ে উঠছে।

শুধু নির্বাচনই গণতন্ত্রকে প্রকাশ করে না, এ কথা যেমন সত্য, তেমনি নির্বাচনবিহীন দীর্ঘ সময় পার করাও গণতন্ত্রকে জখম করে, এটাও সত্য। অন্তর্বর্তী সরকার যদি নির্বাচনী রোডম্যাপ ঘোষণা করত, তাহলে প্রতিটি দলই তাদের মতো করে নির্বাচনী প্রস্তুতি নিতে পারত। ডিসেম্বর থেকে জুন পর্যন্ত একটি সময়ের মধ্যে নির্বাচন হবে বলায় নির্বাচনের সময় সম্পর্কে সংশয় থেকেই যাচ্ছে। সরকারি বিভিন্ন কর্মকর্তা এবং সরকার-সমর্থক দলের নেতারা বলে যাচ্ছেন, জুনের পর এক দিনের জন্যও এই সরকার ক্ষমতায় থাকবে না। কিন্তু যদি জুনের পরও অন্তর্বর্তী সরকার ক্ষমতা না ছাড়ে, তাহলে পরিস্থিতি কোন দিকে যাবে? যেকোনো ধরনের সংঘাত পরিহার করার প্রস্তুতি প্রতিটি দলেরই থাকতে হবে।

আরও কিছু বিষয়ে আলোচনা করা জরুরি। শীর্ষ সন্ত্রাসীদের অনেককে আগস্টের পটপরিবর্তনের পর দ্রুত মুক্তি দেওয়া হয়েছিল। সম্প্রতি আবার সুব্রত বাইনসহ কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে। ভালো কথা। কিন্তু অভ্যুত্থানের পরপর কেন শীর্ষ সন্ত্রাসীদের ছেড়ে দেওয়া হয়েছিল, সে প্রশ্ন এড়ানো যাবে না। শীর্ষ সন্ত্রাসীরা কি আওয়ামী লীগের প্রতিহিংসার বলি ছিল, নাকি আসলেই তারা সন্ত্রাস ঘটিয়েছিল বা ঘটানোর ক্ষমতা রাখত বলেই জেলে ছিল? এই প্রশ্নটির উত্তর পাওয়া যায়নি আজও। কেউ সন্ত্রাসীদের মুক্ত করার বিষয়ে কোনো ব্যাখ্যা দেননি। আওয়ামী লীগ আমলে করা মামলাগুলো হরেদরে বাতিল করে দেওয়া নিয়েও প্রশ্ন রয়েছে মানুষের মনে। বিশেষ করে গ্রেনেড হামলা মামলা নিয়ে যা হয়েছে, তা ব্যাখ্যার দাবি রাখে।

দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার বিষয়ে সশস্ত্র বাহিনীর প্রধানেরা যে বক্তব্য দিচ্ছেন, তা প্রণিধানযোগ্য। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকে অগ্রাহ্য করে যেকোনো বয়ান সৃষ্টির প্রবণতা দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে বিপন্ন করে-এ কথা সবাইকে বুঝতে হবে। একাত্তরে পরাজিত শক্তির দোসররা এখন নতুন করে ইতিহাস লিখতে চাইলে জনগণ সেটা কোন চোখে দেখবে, তা খুবই গুরুত্বপূর্ণ একটি প্রশ্ন। একাত্তর নিয়ে বিশ্লেষণধর্মী গবেষণা হওয়া দরকার। রাজনীতিবিদেরা এই গুরুত্বপূর্ণ দিকটি যেন অবহেলা না করেন।

এই সময়ের সবচেয়ে ভয়ংকর যে অর্জন, তা হলো মব সন্ত্রাস। কোনো ধরনের প্রমাণ ছাড়াই যেকোনো মানুষকে শিকার বানিয়ে যা ইচ্ছে তাই করার যে প্রবণতা তৈরি হয়েছে, তার অবসান প্রয়োজন। একটা সুন্দর ভবিষ্যতের স্বপ্ন দেখতে হলে সে রকম উদার মনও দরকার। উদারতার জন্য প্রার্থনা করা ছাড়া এ মুহূর্তে আর কী-ইবা করার আছে?



রাজনীতি কোনো ব্যবসা না

আব্দুর রাজ্জাক

গত কয়েক দশকের রাজনীতি ও রাজনীতিবিদদের আচার-আচরণ মোটের ওপর বিশ্লেষণ করলে মোটা দাগে বলা যায়, গত শতাব্দীর রাজনীতিবিদদের চেয়ে তাঁরা আলাদা বৈশিষ্ট্যের। রাজনীতি ও রাজনীতিবিদদের এই পরিবর্তনের কারণগুলো বিশ্লেষণ করা দরকার।

রাজনীতিবিদেরাই রাজনীতি করবেন। রাজনীতিবিদদের মনে রাখতে হবে, রাজনীতি কোনো ব্যবসা না। বলতে পারেন রাজনীতি সমাজসেবা, জনসেবা অথবা রাষ্ট্রসেবাও বটে। লোভ-লালসা, নিজের স্বার্থ, পরিবারের স্বার্থড়সবকিছু বিসর্জন দিয়েই রাজনীতিবিদদের উচিত রাজনীতি করা। রাজনীতির ব্যাকরণও তা-ই বলে। গত শতাব্দী ও তার আগে থেকে, রাজনীতিবিদদের চরিত্র বিশ্লেষণ করলে দেখা যায়, নিঃস্বার্থভাবে সমাজ বা রাষ্ট্রকে সামনের দিকে এগিয়ে নেওয়ার জন্য তাঁদের চিন্তা-চেতনায়, মনোজগতে কাজ করত দেশসেবা, জনসেবা অথবা সমাজসেবা। শত বছরের ঐতিহ্য বিশ্লেষণ করলে আমাদের দেশের, আমি বলতে চাইছি এই উপমহাদেশের বহু রাজনীতিবিদ আছেন ডাকসাইটে, তাঁদের মেধা-প্রজ্ঞা-জ্ঞান-গরিমা ছিল প্রশ্নাতীত। এইসব রাজনীতিবিদ সম্পর্কে বহু গবেষণা হয়েছে, যুগ যুগ ধরে গবেষণা চলছে তাঁদের কৃতকর্ম নিয়ে, তাঁদের আদর্শ নিয়ে। তাঁদের আদর্শ, কৃতকর্ম বিশ্লেষণ করে পাওয়া গেছে তাঁদের নিঃস্বার্থ ত্যাগ, জাতি ও দেশকে ভালোবাসার গল্প।

মহাত্মা গান্ধী, কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহ, শেরেবাংলা এ কে ফজলুল হকসহ এই উপমহাদেশের রাজনীতিবিদদের সবকিছু বিশ্লেষণ করলে তাঁদের সম্পর্কে যে ব্যাখ্যা দাঁড়াবে, সেটা হলো তাঁদের কৃতকর্মের চিন্তা-চেতনার ফসল বর্তমান সমাজ, রাষ্ট্রব্যবস্থা ও আমাদের স্বাধীন দেশমাতৃকা। যাঁদের নাম বললাম তাঁরা যে খুব একটা অর্থসম্পদ রেখে গেছেন, তা কিন্তু বলা যাবে না। মহাত্মা গান্ধী বা জিন্নাহর ক্ষেত্রে এর তেমন কোনো প্রমাণ নেই। আমরা দেখেছি, শেরেবাংলা এ কে ফজলুল হক এত বড় আইনজীবী ছিলেন, বাংলার প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রীসহ বিভিন্ন পদে ৫০ বছর অধিষ্ঠিত ছিলেন; মৃত্যুর পরে তাঁর সম্পদের মধ্যে ছিল সেই সময়ের গোপীবাগের জরাজীর্ণ দোতলা বাড়ি।

বিগত শতকের রাজনীতিবিদদের পোশাক-আশাক, চলন-বলন, ভ্রমণ, খাদ্য গ্রহণড়সবকিছুই ছিল অনুকরণীয়। তাঁরা সব মানুষকে সম্মান করে কথা বলতেন, অন্য দলের রাজনীতিবিদদেরও তাঁরা সম্মান করতেন। দ্বিমতের কারণে কোনো দিনই কারও ওপর চড়াও হতেন না। ভিন্নমতের ভিন্ন দলের লোকজনের সামাজিক অনুষ্ঠানে যোগ দিতেন। সেই উদাহরণ আমরা শেখ মুজিবুর রহমানের মধ্যেও দেখেছি।

মওলানা ভাসানী, হোসেন শহীদ সোহরাওয়ার্দী, কমরেড মণি সিংহ, প্রফেসর মোজাফফর আহমদ, জিয়াউর রহমানড় এইসব মহান রাজনীতিবিদদের কিছু কর্ম বিশ্লেষণ করলে পাওয়া যাবে তাঁদের ত্যাগ-তিতিক্ষার কথা; চিন্তা-চেতনায়, মননে সব সময় ছিল দেশমাতৃকার কথা; সমাজের উন্নতি, সমাজকে এগিয়ে নেওয়ার স্বপ্ন। নিজের সম্পত্তি কত আছে, কত ছিল আর কত সম্পত্তি করতে হবে, এসবের কোনো ভাবনা ছিল না তাঁদের। একেবারেই সাদামাটা জীবন ছিল এইসব জ্ঞানীগুণী ব্যক্তির। দল-মতনির্বিশেষে উল্লিখিত ব্যক্তিবর্গকে আমরা শ্রদ্ধা করি আজীবন। মনে হয়, আমাদের পরবর্তী প্রজন্মও তাঁদের ইতিহাস জেনে শ্রদ্ধায় মস্তক অবনত করে।

আমাদের দেশে জাতীয় পর্যায়, এমনকি জেলা পর্যায়েও বহু রাজনীতিবিদ ছিলেনড়দুই-তিন দশক আগেওড়যাঁদের চরিত্র বিশ্লেষণ করলে একই রকম ফলাফল পাওয়া যাবে। তাঁরা কোনো সম্পদ অর্জনের জন্য, নিজের ব্যক্তিগত লোভ-লালসার জন্য, পরিবারের সুখ-সমৃদ্ধির জন্য রাজনীতি করেননি। এখনো সে রকম রাজনীতিবিদ জাতীয় পর্যায়ে এবং মফস্বল পর্যায়ে আছে, তবে তাঁদের সংখ্যা দিন দিন কমে যাচ্ছে বলেই আজকের এই লেখার অবতারণা।

দুই-তিন দশক ধরে প্রায়ই শোনা যায়, কোন দল থেকে আপনি নমিনেশন পাবেন, সেই দল থেকে আপনাকে নমিনেশনটি কিনে আনতে হবে। বাস্তবে এটা কতটা সত্য জানি না, তবে বেশির ভাগ মানুষই মনে করে, নমিনেশন বেচাকেনার ব্যাপার, যিনি অধিক দাম দেবেন তাঁর কপালেই জুটবে নির্দিষ্ট দলের প্রতীক! সব ক্ষেত্রে না হলেও উল্লেখযোগ্য ক্ষেত্রে এটা হচ্ছে বলে অনেকেই বিশ্বাস করেন। আবার যাঁরা এইসব প্রক্রিয়ায় নির্বাচিত হন, তাঁরা নাকি বলেন, এই পদে তাঁর পূর্বসূরি কী পরিমাণ সম্পদ অর্জন করেছে, তাঁকে তার চেয়ে একটু বেশি সম্পদ অর্জন করতে হবে!

জাতীয় পর্যায়ের মন্ত্রী-এমপি মহোদয়দের ক্ষেত্রে এ কথা এখন সবার কাছেই মোটামুটি একটি বিশ্বাসযোগ্য পর্যায়ে পৌঁছে গেছে। জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়েও একই রকম অবস্থা। সেখানেও নমিনেশনটা একই রকম পণ্য হয়ে দাঁড়িয়েছে। যাঁরা মনোনীত হবেন, পরিশেষে নির্বাচিত হবেন জনগণের দ্বারা, তাঁরা খাতা-কলম নিয়ে বসেন হিসাব করতে নির্বাচনে কত ব্যয় করবেন, নির্বাচিত হওয়ার পরে তাঁর খরচ ওঠার পরে কত লাভ করতে পারবেন, পরবর্তী নির্বাচনের জন্য কী পরিমাণ ব্যয় করতে পারবেন। এই রকম চিন্তাধারা নিয়েই বেশির ভাগ ক্ষেত্রে আমাদের রাজনীতিবিদেরা নির্বাচিত হওয়ার স্বপ্ন দেখেন। সব ক্ষেত্রে না হলেও যদি এই রকম মনোবৃত্তির মানুষ ৫০ ভাগের কাছাকাছি হয়, তাহলেও সর্বনাশের দিকে ধাবিত হবে সমাজ-রাষ্ট্র।

আমরা শুধু সমাজ-রাষ্ট্রকে কলুষিত করছি না, রাজনীতি যে একটা মহৎ পেশা, এই পেশাকে আমরা কলুষিত করছি। রাজনীতিবিদদের প্রথম থেকেই এই সিদ্ধান্ত নিতে হবেড়আমি রাজনীতি করে কোনো অসৎ আয় করব না, আমার জীবন চলার জন্য যত সামান্য সম্পদ বা অর্থের দরকার, সেটুকুই আমাকে অর্জন করতে হবে। সব সময় ত্যাগের মনোভাব নিয়ে রাজনীতি করতে হবে।

কেউ যদি তাঁর নিজস্ব উপার্জিত অর্থ, যেমন আইন পেশা, ডাক্তারি পেশাসহ অন্যান্য পেশা ও পারিবারিক সম্পদ দিয়ে নিজের সংসার, কর্মজীবন পরিচালনা করতে পারেন, তাহলেই তাঁর রাজনীতি করা উচিত। তাহলে তিনি শুধু রাজনীতি দিয়েই সমাজের সেবা করতে পারবেন। যা কিছুই বলি না কেন, নিঃস্বার্থভাবে সেবা করার মানসিকতা রক্ত, মাংসে, মস্তিষ্কে ও মনোজগতে থাকতে হয়। নিঃস্বার্থভাবে দেশসেবা, সমাজসেবা, সমাজ সংস্কার সবাই করতে পারে না। যাঁরা লোভ-লালসার উর্ধ্বে উঠে নিজের সময়-সম্পদ ব্যয় করে অপরের উপকারের জন্য নিজেকে নিয়োজিত করতে পারবেনড়তাঁরাই আসুক রাজনীতি করতে।

রাজনীতিবিদদের অনেক মেধাবী হতে হয়। অর্থনীতি, সমাজনীতি, পররাষ্ট্রনীতি, বহির্বিশ্বের পরিবর্তনড়সবকিছুর ওপরই তাঁদের সম্যক জ্ঞান থাকতে হয়। শুধু রাজনীতি না, প্রতিনিয়ত পরিবর্তনশীল পৃথিবীর সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিতে হয়। যা কিছু সবার জন্য মঙ্গল, সেটা নিয়েই সারাক্ষণ চিন্তা করতে হয়। রাজনীতিবিদের চরিত্র, আচার-আচরণ দেখে যেন সমাজ ভালো কিছু শেখে, তাহলেই রাজনীতি সার্থক হয়। যদি রাজনীতিবিদদের দেখে সমাজের মানুষ তাঁদের বিপুল পরিমাণ সম্পদ নিয়ে প্রশ্ন তোলে, তাহলেই মনে করতে হবে সেইসব রাজনীতিকের সবকিছু ব্যর্থ, তাঁদের রাজনীতিবিদ হওয়ার কোনো যোগ্যতা নেই; তাঁদের রাজনীতি মিথ্যার বেসাতির ওপর প্রতিষ্ঠিত।

এ দেশে গত কয়েক দশকে যা কিছু ঘটে গেল, সবকিছুর শীর্ষেই ছিল রাজনীতিবিদদের চরিত্র, তাঁদের জ্ঞান-বিদ্যাবুদ্ধি, আচার-আচরণের বহিঃপ্রকাশ। এই প্রক্রিয়া ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। অর্থাৎ রাজনীতির মধ্যে 'পলিটিকস' ঢুকে গেছে। অর্থাৎ, পেশিশক্তি, জোরজবরদস্তি, চোখ রাঙানি, ভয়ভীতি দেখানো, যা কিছু মন্দ সবকিছুই ঢুকে গেছে এই রাজনীতির মধ্যে।

কলুষিত রাজনীতি থেকে বের হয়ে আসতে হবে। আসতেই হবে। নইলে কৃষ্ণগহ্বরে পতিত হবে দেশ ও জাতি; ভবিষ্যৎ শুধু অন্ধকার হবে। এখন থেকেই আমরা চরিত্রবান, সৎ, মেধাবী মানুষদেরই রাজনীতিতে স্থান করে দিতে চাই। আমাদের দেশে এখনো সৎ, মেধাবী রাজনীতিবিদ আছেন। তাঁদের মূল্যায়ন করতে হবে। তাঁদের পথ অনুসরণ করে নতুন প্রজন্ম সেই রকমভাবে তৈরি হবে। গত এক দশকে যেসব তরুণ রাজনীতিতে এসেছেন বা আসার চেষ্টা করছেন, তাঁদের এটা জানা উচিত রাজনীতি কোনো ব্যবসার জায়গা না, কোনো সম্পদ অর্জনের জায়গা না; শুধুই ত্যাগ, জনসেবা, সমাজসেবা ও রাষ্ট্রসেবার জায়গা। আবারও বলছি'রাজনীতি ত্যাগের জায়গা, ভোগের নয়' এই কথা যেন তরুণসমাজ মনে রাখে।

লেখক: প্রকৌশলী

ডোওজকে সামাজিক নিরাপত্তা তথ্য

প্রথম পৃষ্ঠার পর

মাস্কের নেতৃত্বে না থাকলেও এর কাজের ভবিষ্যৎ স্পষ্ট নয়, তবে ট্রাম্প এবং মাস্ক উভয় ব্যক্তিই আগে বলেছিলেন যে সরকারি ব্যয় কমাতে তারা প্রচেষ্টা চালিয়ে যাবেন ।

একটি মামলায়, উচ্চ আদালত মেরিল্যান্ডের একজন বিচারকের একটি আদেশ স্থগিত করেছে যা ফেডারেল গোপনীয়তা আইনের অধীনে সামাজিক নিরাপত্তা প্রশাসনের (ঝঝঅ) প্রবেশাধিকার সীমিত করেছিল।

উচ্চ আদালতের বিচারপতিরা বলেছেন যে এই মুহূর্তে ডোওজ মারফত ব্যক্তিগত তথ্যের অপব্যবহারের কোনও প্রমাণ নেই। ঝঝঅ বিভাগটি দেশের প্রায় সকলের সংবেদনশীল তথ্য ধারণ করে, যার মধ্যে রয়েছে স্কুলের রেকর্ড, বেতনের বিবরণ এবং চিকিৎসা সংক্রান্ত তথ্য। যদিও সুপ্রিম কোর্টের রায়ের পর নিম্ন আদালতের বিচারপতি কেতানজি ব্রাউন জ্যাকসন বলেন, 'সুপ্রিম কোর্ট ডোওজকে অবাধ ডেটা অ্যাক্সেস করার অনুমতি দিয়ে লক্ষ লক্ষ আমেরিকানদের জন্য গুরুতর গোপনীয়তা ঝুঁকি তৈরি করেছে। আমরা নিশ্চিতভাবে জানি না যে ফেডারেল আইন এই ধরনের অ্যাক্সেসের পক্ষে কিনা।'

বিচারপতি সোনিয়া সোটোমায়র জ্যাকসনের মতামতের সাথে যোগ দিয়েছিলেন এবং বিচারপতি এলেনা কাগান বলেছিলেন যে, তিনিও প্রশাসনের বিরুদ্ধে রায় দিতেন। ট্রাম্প প্রশাসন বলছে যে ফেডারেল সরকারের ব্যয় কমানোর লক্ষ্যে কাজ করার জন্য ডজের তথ্য অ্যাক্সেসে প্রবেশাধিকার প্রয়োজন। মাস্ক সামাজিক নিরাপত্তাকে জালিয়াতির একটি প্রধান কেন্দ্র হিসেবে বিবেচনা করেছিলেন। ট্রাম্প প্রশাসনও বলেছে যে ডজ এতো বিধিনিষেধের আওতায় কাজ করতে পারবে না। সলিসিটর জেনারেল ডি. জন সাউয়ার আরও যুক্তি দিয়েছিলেন যে এই রায়টি ফেডারেল বিচারকদের তাদের কর্তৃত্ব লঙ্ঘন করে।

এদিকে সিটিজেনস ফর রেসপন্সিবিলিটি অ্যান্ড এথিক্স ইন ওয়াশিংটন (ঈজঊউ) দাবি জানিয়েছে যে, সরকার পুনর্গঠনের জন্য ট্রাম্পের প্রচেষ্টার কেন্দ্রবিন্দুতে থাকা ডজ-কে একটি ফেডারেল সংস্থা এবং তথ্য স্বাধীনতা আইনের আওতাধীন হতে হবে।কিন্তু ট্রাম্প প্রশাসন বলেছে যে ডোওজ কেবল একটি প্রেসিডেন্টের উপদেষ্টা সংস্থা যার লক্ষ্য সরকারি খরচ কমানো।

তাপসী বোসের পরলোকগমন

শেষ পাতার পর

হয়েছে। তাকে শেষ দেখার জন্য মঙ্গলবার (১০ জুন) বিকাল ছয়টা থেকে রাত নয়টা পর্যন্ত ফিউনারেলের ব্যবস্থাপনায় দেখা যাবে। ফিউনারেলের ঠিকানা ২১৭৫ জেরিকো ট্রানপাইক, নিউ হাইড পার্ক, নিউইয়র্ক। পরদিন বুধবার (১১ জুন) সকাল দশটা থেকে দুপুর একটা পর্যন্ত তাপসী বোসের শেষ কার্য সম্পন্ন করা হবে। প্রয়োজনে তড়িৎ বোস ৯১৭-৮২১-৯৮৬৬ নম্বরে যোগাযোগ করতে অনুরোধ করেছেন।

শোক প্রকাশ: প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ ইনক-এর উপদেষ্টা তড়িৎ বোস এর স্ত্রী তাপসী বোস এর পরলোকগমনে সংগঠনের প্রধান উপদেষ্টা ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খান, উপদেষ্টা ডাক্তার মুনিবুর রহমান, আব্দুর রহমান, খন্দকার আশিক শামিম, সোলেমান খান, ফরহাদ তালুকদার, সভাপতি ফরিদ খান ও সাধারণ সম্পাদক শরিফ শিকদার এবং আজকের টেলিগ্রাম ও হককথা সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

রাজনৈতিক দলগুলোর দ্বিমতে সংকটের আশঙ্কা

৩-এর পৃষ্ঠার পর

সালের এপ্রিলের প্রথ মার্ধের যেকোনো একটি দিনে অনুষ্ঠিত হবে। এ ঘোষণার ভিত্তিতে নির্বাচন কমিশন উপযুক্ত সময়ে আপনাদের কাছে নির্বাচনের বিস্তারিত রোডম্যাপ প্রদান করবে।'

নির্বাচনের সময় ঘোষণার পর জরুরি বৈঠকে বসে বিএনপির জাতীয় স্থায়ী কমিটি। ভার্চুয়ালি যুক্ত হয়ে বৈঠকে সভাপতিত্ব করেন লন্ডনে থাকা দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বৈঠকে উপস্থিত বিএনপির এক স্থায়ী কমিটির সদস্য নাম প্রকাশ না করার শর্তে বণিক বার্তাকে বলেন, স্থায়ী কমিটির বৈঠকে প্রধান উপদেষ্টার ভাষণের কড়া সমালোচনা করা হয়। এপ্রিলে নির্বাচন আয়োজনের প্রস্তাবকে বাস্তবতাবিবর্জিত বলে উল্লেখ করা হয়। পাশাপাশি এটি দেশের রাজনৈতিক সংকটকে আরো ঘনীভূত করতে পারে বলেও অধিকাংশ সদস্য মতামত প্রকাশ করেন। এছাড়া বন্দর ও করিডোর ইস্যুতে প্রধান উপদেষ্টার বক্তব্য নিয়ে ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটেছে।

বৈঠক শেষে গণমাধ্যমে সংবাদ বিজ্ঞপ্তি পাঠায় বিএনপি। এতে বলা হয়, 'দীর্ঘ ভাষণে তিনি (প্রধান উপদেষ্টা) বন্দর, করিডোর ইত্যাদি এমন সব বিষয়ের অবতারণা করেছেন, যা তারই ভাষায় অন্তর্বর্তী সরকারের তিনটি ম্যান্ডেটের মধ্যে পড়ে না।' ভাষণে ড. ইউনূস শব্দচয়নে 'রাজনৈতিক ভব্যতার সীমা' অতিক্রম করেছেন জানিয়ে সভায় ক্ষোভ প্রকাশ করা হয় বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

এ প্রসঙ্গে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ ব বলেন, 'প্রধান উপদেষ্টা যে সময় নির্বাচন আয়োজনের কথা বলেছেন, তা বাস্তবসম্মত নয়। আমাদের কাছে গ্রহণযোগ্যও নয়। কারণ এপ্রিল নির্বাচন অনুষ্ঠানের জন্য যথোপযুক্ত সময় নয়। গণতন্ত্রে উত্তরণ বিলম্বিত হলে সংকট আরো ঘনীভূত হবে।'

নির্বাচন নিয়ে বিএনপির অবস্থান সম্পর্কে একই ধরনের মতামত দেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বিএনপি মহাসচিব বলেন, 'যে সময়টি (এপ্রিল) নির্ধারণ করা হয়েছে, সেটি বাংলাদেশে নির্বাচনের জন্য সঠিক সময় নয়। এপ্রিলে প্রচণ্ড গরমের পাশাপাশি ঝড়-বৃষ্টি হওয়ার আশঙ্কা থাকবে। ওই সময়টি রোজার পরপরই এবং তখন পাবলিক পরীক্ষাও আছে। সময়টা খুব চিন্তা করে নির্ধারণ করা হয়েছে বলে আমাদের কাছে মনে হয় না। এছাড়া নির্বাচনী প্রচারণা করতে হবে রোজার মাসে, যেটা কঠিন। আমাদের যে রিমার্কস সেটা আমাদের স্ট্যাডিং কমিটি সিদ্ধান্ত নিয়ে তারা মতামত জানিয়েছেন। আমরা মনে করি যে ডিসেম্বরেই নির্বাচন হওয়া সম্ভব। সেটাই জাতির জন্য সবচেয়ে উপযোগী হবে।'

এদিকে জামায়াতে ইসলামী ও এনসিপি এপ্রিলের নির্বাচন নিয়ে সন্তোষ প্রকাশ করেছে। এ-সংক্রান্ত পৃথক বিবৃতিতে এ অভিব্যক্তি প্রকাশ করে দল দুটি।

এদিকে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান মৌলভীবাজারের কুলাউড়া উপজেলার ভাটেরা ইউনিয়নের নিজ গ্রামের তুলাপুর পাঁচগাঁও ঈদগাহে নামাজ শেষে বলেন, 'জাতি যেনতেন নির্বাচন চায় না। বিচার, সংস্কার, জুলাই ঘোষণাপত্র ও ভোটের সমতল মাঠ থাকলে রোডম্যাপ অনুযায়ী নির্বাচন সম্ভব হবে।' তিনি আরো বলেন, 'পরপর তিনবার মানুষ ভোট দেয়ার সুযোগ পায়নি। এবার নতুন ভোটার যুবসমাজকে ভোটের সুযোগ করে দিতে হবে। প্রধান উপদেষ্টা কোনো সহযোগিতা চাইলে আমরা সহযোগিতা করব। তবে দেশের সংকট শেষ হওয়া খুবই জরুরি।'

অপরদিকে বিবৃতি দিয়ে এনসিপি বলেছে, 'জুলাই সনদের সংস্কার কার্যকরভাবে বাস্তবায়ন হলে তারা ঘোষিত সময়ের মধ্যে নির্বাচনের বিরোধিতা করবে না।'

রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, প্রধান উপদেষ্টা তার ভাষণে সংখ্যাগরিষ্ঠ রাজনৈতিক দলের দাবিকে উপেক্ষা করেছেন। তিনি পরিষ্কারভাবে ব্যাখ্যা করতে ব্যর্থ হয়েছেন কেন ডিসেম্বরের মধ্যে নির্বাচন আয়োজন সম্ভব নয়। এপ্রিল কেন উপযুক্ত সময়ড়সে বিষয়টিও অস্পষ্ট থেকে গেছে। ফলে নির্বাচন ইস্যু নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে বিভেদ তৈরি হলে সেটি সংকটে রূপ নিতে পারে।

করিডর দেওয়ার খবরটি 'চিলে কান নিয়ে যাওয়ার গল্প'

৩-এর পৃষ্ঠায় পর

তখন রোহিঙ্গা ইস্যুটিকে প্রায় মৃত অবস্থায় পেয়েছিলাম। আন্তর্জাতিক এজেন্ডা থেকে ইস্যুটি ঝরে পড়েছিল। সেই অবস্থা থেকে আমরা ইস্যুটিকে বিশ্ববাসীর দৃষ্টির সম্মুখভাগে নিয়ে আসতে পেরেছি।'

তিনি বলেন, 'আমি গত বছরের সেপ্টেম্বর মাসে জাতিসংঘ সাধারণ পরিষদে রোহিঙ্গাবিষয়ক একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠানের আহ্বান জানিয়েছিলাম। আপনারা জেনে খুশি হবেন, জাতিসংঘের সব সদস্য রাষ্ট্র এ বিষয়ে একমত হয়েছে এবং তারা একটি উচ্চপর্যায়ের আন্তর্জাতিক সম্মেলন আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে। এ বছরের সেপ্টেম্বর মাসে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।'

রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জন্য আমরা আন্তর্জাতিক জনমত গঠন করতে পেরেছি উল্লেখ করে প্রধান উপদেষ্টা বলেন, 'গত মার্চ মাসে বাংলাদেশ সফরে এসে জাতিসংঘের মহাসচিব আন্তনিও গুতেরেস পরিষ্কারভাবে ঘোষণা করেছেন যে, মিয়ানমারে প্রত্যাবাসনই রোহিঙ্গা সমস্যার একমাত্র সমাধান।'

তিনি বলেন, প্রত্যাবাসনের বিষয়ে আরেকটি বড় অগ্রগতি হচ্ছে মিয়ানমার সরকার কর্তৃক প্রত্যাবাসনযোগ্য রোহিঙ্গাদের সর্বপ্রথম তালিকা ঘোষণা। গত এপ্রিল মাসে ব্যাংককে বিমসটেক সম্মেলনের সাইডলাইনে আলোচনার সময় মিয়ানমার সরকার প্রথ মবারের মতো ১ লাখ ৮০ হাজার রোহিঙ্গা প্রত্যাবাসনযোগ্য বলে ঘোষণা করেছে।

অধ্যাপক ইউনূস বলেন, 'রোহিঙ্গাদের প্রত্যাবাসনে ও আমাদের সীমান্তের নিরাপত্তা নিশ্চিত করতে মিয়ানমারের সরকারসহ সেখানকার বিদ্রোহী গোষ্ঠীর সঙ্গে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক যোগাযোগ রাখা হচ্ছে। আমরা যত দেশেই সফর করেছি, সব দেশে রোহিঙ্গাসংকট মোকাবিলায় রাষ্ট্রীয় নেতা ও সরকারের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করেছি, তাদের সহযোগিতা চেয়েছি। তারাও ইতিবাচকভাবে আমাদের আহ্বানে সাড়া দিয়েছে।'

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কজলেন্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

‘ট্রাম্প-মাস্ক জুটির’ সম্পর্ক মধুর থেকে তিক্ততায়

প্রথম পৃষ্ঠার পর

অনন্যজনকে প্রকাশ্যে ব্যক্তিগত ও আক্রমণাত্মক বাগ্‌যুদ্ধে লিপ্ত রয়েছেন। যা নিয়ে শুরু হয়েছে আলোচনা ও জল্পনার।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে ধনকুবের ইলন মাস্কের সম্পর্ক এখন তিক্ততার চরমে। যে মাস্ককে কিছু দিন আগে জড়িয়ে ধরেছিলেন ট্রাম্প, যাঁর জন্য হোয়াইট হাউসে গড়ে দিয়েছিলেন আলাদা দফতর, সেই তিনিই হয়ে উঠেছেন তাঁর সরকারের পথে অন্যতম ‘কাঁটা’। মাস্কের সংস্থার ভর্তুকি বাতিল থেকে শুরু করে সরকারি চুক্তি বাতিলড় একের পর এক কড়া হুঁশিয়ারি দিয়ে চলেছেন প্রেসিডেন্ট ট্রাম্প। কিন্তু মাস্ক থামছেন না। উল্টে আক্রমণের সুর চড়াচ্ছেন সপ্তমে। যে আক্রমণ পৌঁছে যাচ্ছে ব্যক্তিগত স্তরে। ট্রাম্পের হুঁশিয়ারির ফলে এক ধাক্কায় মাস্কের সংস্থার শেয়ার পড়ে গিয়েছে। লোকে টেসলার শেয়ার বিক্রি করে দিতে দু’বার ভাবছে না। কিন্তু সেই আর্থিক ক্ষতির মুখে দাঁড়িয়েও নিজের অবস্থানে অনড় স্পেসএক্সের কর্ণধার। বুক বাজিয়ে বলছেন, “আমি সাহায্য না করলে ট্রাম্প হোয়াইট হাউসের ক্ষমতায় বসতে পারতেন না।”

এদিকে শনিবার প্রেসিডেন্ট ট্রাম্প এনবিসি নিউজকে দেয়া এক স্বাক্ষাতকারে বলেছেন, ধনকুবের ইলন মাস্কের সঙ্গে তাঁর সম্পর্ক শেষ। তিনি আর সম্পর্ক পুনরুদ্ধার করতে চান না।

তাকে জিজ্ঞাসা করা হয়, তাদের ঘনিষ্ঠ সম্পর্ক শেষ হয়ে গেছে কী না? জবাবে তিনি বলেন, ‘হ্যাঁ, আমি তাই ধরেই নিচ্ছি।’

মাস্কের সঙ্গে সম্পর্ক পুনরুদ্ধার করতে চান কী না? এমন প্রশ্নের জবাবে ট্রাম্প স্পষ্টভাবে ‘না’ বলে দেন।

এছাড়াও তিনি মাস্ককে সতর্ক করে দিয়ে বলেন “ডেমোক্র্যাটদের অর্থ দিলে পরিণতির জন্য প্রস্তুত থাকতে হবে।”

সুখের সে দিন

২০২৪ সালের ১৩ জুলাই। আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনের চার মাস আগে পেনসিলভ্যানিয়ায় একটি সভা করতে গিয়েছিলেন রিপাবলিকান পদপ্রার্থী ট্রাম্প। সেখানে প্রকাশ্য সভায় ট্রাম্পকে লক্ষ্য করে গুলি চালান এক যুবক। গুলি ট্রাম্পের কান ছুঁয়ে বেরিয়ে যায়। রক্ত ঝরে মঞ্চে। ওই ঘটনা আমেরিকায় আলোড়ন ফেলে দিয়েছিল। সেখানেই মাস্কের সঙ্গে ট্রাম্পের সম্পর্কের সূত্রপাত। ট্রাম্পের দ্রুত আরোগ্য কামনা করে সমাজমাধ্যমে পোস্ট করেন মাস্ক। লেখেন, “প্রেসিডেন্ট ট্রাম্পের প্রতি আমার পূর্ণ সমর্থন রয়েছে। আশা করছি উনি দ্রুত সুস্থ হয়ে উঠবেন।” এর পর একাধিক জনসভায় ট্রাম্পের পাশে দেখা যেতে থাকে মাস্ককে। পরনে ট্রাম্পের স্লোগান ‘মেক আমেরিকা গ্রেট এগেন’ সম্বলিত টুপি। ট্রাম্পের হয়ে ঢালাও প্রচারও করেছিলেন নির্বাচনে।

‘আমি ট্রাম্পকে ভালবাসি’

ট্রাম্প দ্বিতীয় বার আমেরিকার প্রেসিডেন্ট হওয়ার পরে মাস্কের সঙ্গে তাঁর সম্পর্ক আরও ঘনিষ্ঠ হয়। মাস্ককে প্রথমে প্রেসিডেন্টের বিশেষ পরামর্শদাতা (অবৈতনিক) পদে নিয়োগ করেছিলেন ট্রাম্প। পরে তাঁর জন্য গড়ে দেন সরকারি দক্ষতা বিষয়ক দফতর (ডিওজিই)। সেই দফতরের কাজই ছিল ‘অপ্রয়োজনীয়’ খরচ কাটছাঁট করে ট্রাম্প প্রশাসনকে সাহায্য করা। দায়িত্ব বুঝে নিয়েছিলেন মাস্ক। তখন লিখেছিলেন, “আমি ট্রাম্পকে ভালবাসি সে ভাবেই, যে ভাবে এক জন বিসমকামী পুরুষ আর এক জন পুরুষকে ভালবাসতে পারে।” সেই সময়ে ট্রাম্প প্রশাসনের সবচেয়ে জনপ্রিয় মুখ হয়ে উঠেছিলেন মাস্ক। খরচ কমাতে একাধিক সাহসী পদক্ষেপও করে ফেলেছিলেন তিনি।

‘বড় ও সুন্দর বিল’

আমেরিকার জনস্বার্থে সম্প্রতি একটি বিলে স্বাক্ষর করেছেন ট্রাম্প। নিজে সেটিকে ব্যাখ্যা করেছেন ‘বড় ও সুন্দর বিল’ হিসাবে। কিন্তু সেই বিলেই ট্রাম্প-মাস্ক তিক্ততার বীজ বোনা হয়। একটি সংবাদমাধ্যমের সাক্ষাৎকারে মাস্ক বলেন, “প্রেসিডেন্ট বলছেন, নতুন বিলটি বড় এবং সুন্দর। কিন্তু কোনও বিল একই সঙ্গে বড় এবং সুন্দর হতে পারে বলে আমি মনে করি না। হয় সেটি বড় হবে, নয়তো সুন্দর।” ট্রাম্পের ওই বিলের ফলে এত দিন ধরে ডিওজিই যে কাজ করে এসেছে, তা ব্যর্থ হয়ে যাবে বলে আশঙ্কা প্রকাশ করেন মাস্ক। পর দিনই ট্রাম্প প্রশাসন থেকে ইস্তফা দেন এই ধনকুবের।

‘আমার সময় ফুরোল’

পদত্যাগের কথা সমাজমাধ্যমেই ঘোষণা করেন মাস্ক। লেখেন, “আমার নির্ধারিত সময় শেষ হয়েছে। অপ্রয়োজনীয় খরচ কমানোর সুযোগ দেওয়ার জন্য আমি প্রেসিডেন্ট ট্রাম্পকে ধন্যবাদ জানাতে চাই।” পর দিন প্রস্থানরত মাস্ককে পাশে বসিয়ে সাংবাদিক বৈঠক করেন ট্রাম্প। সে দিনও দু’জনের সম্পর্কের তিক্ততার আঁচ দেখতে পাওয়া যায়নি। মাস্ককে ‘দুর্দান্ত’ বলে আখ্যা দিয়েছিলেন ট্রাম্প। মধুর কথায় বিদায় দিয়েছিলেন। মাস্কও বিতর্ক বাড়াননি শেষ দিনে। জানিয়েছিলেন, এ বার ব্যবসায় মনোনিবেশ করতে চান। সেই কারণেই ইস্তফা।

কাঁদা ছোঁড়াছুড়ি

পদত্যাগের পর মাস্ক অবশ্য আর রাখঢাক করেননি। প্রকাশ্যেই ট্রাম্পের বিলের সমালোচনা করতে শুরু করেন। জানান, ওই বিল মার্কিন প্রশাসনকে ‘দেউলিয়া’ করে দেবে। ব্যর্থ করবে ডিওজিই-র যাবতীয় সাশ্রয়ের চেষ্টা। মাস্ক বলেন, “কংগ্রেসের এই বিশাল সাংঘাতিক বিল জঘন্য, শূকরের মাংসে ভরা (পর্ক ফিল্‌ড)।” মাস্ক মুখ খোলার পর নীরব থাকেননি ট্রাম্পও। আমেরিকার প্রেসিডেন্ট সরাসরি অভিযোগ করেন, বৈদ্যুতিক গাড়ির ট্যাক্স ক্রেডিট বাতিল করায় টেসলার আর্থিক ক্ষতি হয়েছে। তাই মাস্ক চটেছেন এবং পরিকল্পনা করেই ওই ‘সুন্দর’ বিলটির বিরোধিতা করছেন। ট্রাম্প বলেন, “ইলনের সঙ্গে আমার খুব ভাল সম্পর্ক ছিল। জানি না আগামী দিনে আর তা থাকবে কি না। ওর আচরণে আমি খুব হতাশ। এই বিলের খুঁটিনাটি ও জানত। অন্য যে কোনও লোকের চেয়ে বেশি জানত। এটা নিয়ে প্রথম থেকে ওর কোনও সমস্যা ছিল না।” ট্রাম্পের সেই অভিযোগ উড়িয়ে মাস্ক পাল্টা বলেন, “এই বিল আমাকে এক বারের জন্যেও দেখানো হয়নি। গভীর রাতে লুকিয়ে এই বিল পাশ করানো হয়েছে। কংগ্রেসের কাউকে বিলটা পড়ে দেখারও সুযোগ দেওয়া হয়নি।”

ব্যক্তিগত আক্রমণ

কাঁদা ছোঁড়াছুড়ির মধ্যেই আমেরিকার প্রেসিডেন্টকে ব্যক্তিগত আক্রমণ করে বসেন মাস্ক। দাবি করেন, যৌন কেলেঙ্কারিতে অভিযুক্ত জেফরি এপস্টাইনের সঙ্গে ট্রাম্পের ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। আমেরিকায় নতুন একটি রাজনৈতিক দল শুরু করার ইচ্ছাও প্রকাশ করেন মাস্ক। ইমপিচমেন্ট পদ্ধতিতে ট্রাম্পের অপসারণের দাবি তোলেন তিনি। পরিবর্তে ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্সের প্রতি সমর্থন জানান। রাখঢাক না করে মাস্ক এ-ও বলছেন যে, ট্রাম্প যে শুল্কনীতি অনুসরণ করছেন, তা অদূর ভবিষ্যতে গোটা বিশ্বকে অর্থনৈতিক মন্দার দিকে ঠেলে দেবে। অন্য দিকে, ট্রাম্প হুঁশিয়ারি দিয়েছেন মাস্কের সংস্থার ভর্তুকি বাতিল করার। তাতে এক দিনের মধ্যে টেসলার শেয়ার পড়ে গিয়েছে ১৪ শতাংশ। ব্লুমবার্গ জানিয়েছে, মাস্কের ব্যক্তিগত ক্ষতি হয়েছে ৮৭৩ কোটি ডলার (ভারতীয় মুদ্রায় ৭৪ হাজার কোটি টাকা)! ট্রাম্প অবশ্য বলেছেন, মাস্ক তাঁর বিপক্ষে গিয়েছেন বলে তিনি চিন্তিত নন। তবে এটা আরও আগেই করা উচিত ছিল তাঁর।

প্রেসিডেন্টের হুঁশিয়ারির মুখে ট্রাম্প-মাস্কের ‘দ্বৈরথ’ কোথায় গিয়ে থামবে, তা এখনও স্পষ্ট নয়। আপাতত আমেরিকা তথা সারা বিশ্ব দেখছে তাঁদের টকে-যাওয়া ‘ব্রোম্যান্স’!

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

অভিজ্ঞতা। যেমন, আইনবিষয় সম্পাদক, ধর্ম বিষয়ক সম্পাদক প্রভৃতি। আবার কমিটির আকার বড় করা বা সংশ্লিস্টদেরকে খুশী করতেই নাকি নতুন নতুন নামে একাধিক পদ তৈরী করে কাউকে কাউকে খুশী করা হয়। অপরদিকে কোষাধ্যক্ষ বা অর্থ সম্পাদক পদের দায়িত্বপ্রাপ্তদের অধিকাংশই নামে মাত্র পদবীতে বহাল থাকছেন। সংশ্লিস্টরা বিষয়টি কি একটু ভেবে দেখবেন?

০১ জুন ২০২৫

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



OPEN 24 HOURS

35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

মুসলিম উম্মার ঐক্য, সৌহার্দ্য-সমৃদ্ধি কামনা

শেষ পৃষ্ঠায় পর

জেএমসি'র ঈদের জামাতে ইমামতি, খুতবা পাঠ এবং বিশেষ মুনাজাত পরিচালনা করেন ইমাম শামসে আলী। ঈদের জামাত শেষে বিশেষ মুনাজাতে মুসলিম উম্মার ঐক্য, সৌহার্দ্য-সমৃদ্ধি ছাড়াও ফিলিস্তিনীদের উপর ইসরাইলের নিপীড়ন-নির্যাতন এবং যুদ্ধ বন্ধ কামনা করা হয়।

জ্যামাইকা: জ্যামাইকার আরাফা ইসলামিক সেন্টারের উদ্যোগে নবনির্মত মসজিদ ভবনে (৮৮-৪৯ ১৭৯ প্লেস, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২) ঈদুল আজহার তিনটি জামাত হয় যথাক্রমে সকাল ৬টায়, সকাল ৮টায় এবং ৯টায়।

মসজিদ মিশন সেন্টারের (হাজী ক্যাম্প মসজিদ) উদ্যোগে ঈদের তিনটি জামাত অনুষ্ঠিত হয়। এরমধ্যে সকাল সোয়া ৬টায় এবং সোয়া ৭টায় মসজিদ ভবনে এবং সকাল সাড়ে ৮টায় স্থানীয় মেজর মার্ক পার্কে প্রথ মবারের মতো ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

আমেরিকা মুসলিম সেন্টারের (এএমসি) উদ্যোগে ঈদের জামাত হয় ৫টি। সকাল ৬টা, সকাল ৭টা ও সকাল ৮টায় এএমসি ভবনে এবং সকাল সাড়ে ৯টায় এবং সকাল সাড়ে ১০টায় স্থানীয় রুফস কিং পার্ক মাঠে আরো দুটি জামাত অনুষ্ঠিত হয়।

ম্যানহাটানের মদিনা মসজিদের উদ্যোগে একটি জামাত হয় সকাল সাড়ে ৮টায় মসজিদ সংলগ্ন পার্কে।

মুনা সেন্টার অব জ্যাকসন হাইটস-এর মসজিদ নামিরায় উদ্যোগে ঈদের ২টি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৬টা ও সকাল ৮টায় মসজিদ সংলগ্ন মাঠে। মুনা সেন্টার অব জ্যামাইকা'র মসজিদ আর রায়য়ান-এর ঈদের জামাত হয় ২টি যথাক্রমে সকাল ৭টা ও সকাল সোয়া ৮টায়।

ব্রুককলীনের বায়তুল জান্নাহ মসজিদের উদ্যোগে ঈদের ৪টি জামাত অনুষ্ঠিত হয়। এরমধ্যে মসজিদে প্রথম জামাত হয় সকাল ৫টা ৪৫ মিনিটে, দ্বিতীয় জামাত হয় সকাল সোয়া ৬ টায় এবং তৃতীয় জামাত হয় সকাল ৭টায়। এছাড়াও চতুর্থ জামাত অনুষ্ঠিত হয় মসজিদ সংলগ্ন চার্চ-ম্যাকডোনাল্ড রাস্তার উপর সকাল ৮টায়।

ব্রুকলীনের বায়তুল মামুর মসজিদ এন্ড কমিউনিটি সেন্টারের উদ্যোগে মসজিদ সংলগ্ন খোলা রাস্তায় সকাল সাড়ে ৭টায় ঈদের একটি জামাত অনুষ্ঠিত হয়। জামাতে ইমামতি করেন ইমাম ও খতিব মওলানা দেলোয়ার হোসাইন। এতে বিপুল সংখ্যক দেশী-বিদেশী সর্বস্তরের মুসলিম নর-নারী অংশ নেন।

এস্টোরিয়া: এস্টোরিয়ার আল-আমীন মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত হয় সকাল ৮টায় মসজিদ সংলগ্ন স্থানীয় ৩৬ ষ্ট্রিটে (৩৬ ও ৩৭ এভিনিউর মাঝে) খোলা রাস্তায়।

লং আইল্যান্ড সিটিতে (এস্টোরিয়া) বসবাসরত প্রবাসীদের উদ্যোগে ইষ্ট রিভারের পাশে খেলার মাঠে প্রথমববারের মতো ঈদের জামাত অনুষ্ঠিত হয় সকাল ৮টায়।

ব্রুকলীন: বাংলাদেশ মুসলিম সেন্টারের উদ্যোগে ঈদের জামাত হয় দুটি যথাক্রমে ৬টায় ও সকাল সাড়ে ৮টায় মসজিদ ভবনে।

ব্রুকলীন ইসলামিক সেন্টার (বিআইসি)-এর উদ্যোগে প্রোসপেক্ট পার্ক প্যারেড গ্রাউন্ডের ২নং মাঠে ঈদের ৩টি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৬টা, সকাল ৭টা এবং সকাল ৮টায়।

ব্রুকলীনের নিউকার্ক এভিনিউর হযরত বেলাল জামে মসজিদে ঈদের ৩টি জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৭টা, সকাল ৮টা এবং সকাল ৯টায়।

ব্রুকলীনের মুনা সেন্টার অফ ইস্ট ফ্ল্যাটবুশ-এর উদ্যোগে ১৬৭ ইস্ট ৪৩ স্ট্রিটে মসজিদ বায়তুস সালামে ঈদের ২টি জামাত অনুষ্ঠিত হয় সকাল ৭টা ও সকাল ৮টায়।

ব্রুকলীনের ফ্ল্যাটবুশ এর ডিটমাস পার্ক মসজিদে ঈদের জামাত অনুষ্ঠিত হয় সকাল সাড়ে ৭টায়। ব্রুককলীনের বায়তুল জান্নাহ মসজিদের উদ্যোগে মসজিদ সংলগ্ন চার্চ-ম্যাকডোনাল্ড রাস্তার উপর কয়েক শতাধিক মুসল্লির অংশগ্রহণে সকাল সাড়ে ৮টায় ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

মুনা সেন্টার অফ নিউইয়র্কের উদ্যোগে ওজোন পার্কের ৮০-৫০ পিটকিন অ্যাভিনিউ মসজিদে ঈদের জামাত হয় সকাল সাড়ে ৭টায়।

ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদের উদ্যোগে ঈদের দুটি জামাত অনুষ্ঠিত হয় যথ াক্রমে সকাল ৮টা ও সকাল ৯টায় মসজিদ ভবন ও ভবন সংলগ্ন রাস্তার উপর।

ব্রঙ্কসের বাংলাবাজার জামে মসজিদের উদ্যোগে পিএস ১০৬ প্লে গ্রাউন্ডে ঈদের ২টি জামাত অনুষ্ঠিত হয় সকাল ৮টা ও সকাল পৌনে ৯ টায়।

ব্রঙ্কসের বাংলাবাজার জামে মসজিদের উদ্যোগে ১৩৫১ ওডেল স্ট্রিটের মসজিদ প্রাঙ্গণে ২টি ঈদের জামাত অনুষ্ঠিত হয় সকাল সকাল ৮টায় ও সকাল পৌনে ৯টায়।

পার্কচেষ্টার ইসলমিক সেন্টার (পিআইসি)-এর উদ্যোগে ঈদের জামাত হয় একটি সকাল ৭টায়।

নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার এবং জামে মসজিদের উদ্যোগে উইলিয়ামসব্রীজ ওভাল পার্ক মাঠ ঈদের জামাত হয় সকাল সাড়ে ৮টায়।

আমেরিকান মুসলিম সেন্টারের উদ্যোগে ১১৮ হারবার রোডের পোর্ট ওয়াশিংটন মসজিদে ঈদের জামাত অনুষ্ঠিত হয় সকাল সাড়ে ৮ টায়।

হলিস মুসলিম কমিউনিটি সেন্টারের উদ্যোগে স্থানীয় হলিস এভিনিউ ও ২০৫ স্ট্রীট সংলগ্ন পার্কে ঈদের জামাত হয় সকাল ৮টায়। এতে ইমামতি করেন মৌলানা সাহেদ আহমদ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মসজিদ পরিচালনা কমিটির সভাপতি সাহাব উদ্দিন, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সহ খন্দকার আলিম উদ্দিন, জসিম উদ্দিন, মোহাম্মদ নোমান হোসেন, বশির চৌধুরী প্রমুখ।

অপরদিকে রাজধানী ওয়াশিংটন ডিসিসহ বাংলাদেশী অধ্যুষিত যুক্তরাষ্ট্রের নিউজার্সী, কানেকটিকাট, ম্যারিল্যান্ড, পেনসেলভেনিয়া, ভার্জেনিয়া, ওয়াহিও, ফ্লোরিডা, নর্থ ক্যারোরিনা, সাউথ ক্যারোলিনা, জর্জিয়া, মিশিগান, ক্যালিফোর্নিয়া, টেক্সস, অ্যারিজোনা প্রভৃতি স্টেটে ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে শুক্রবার পবিত্র ঈদুল আযহা পালিত হওয়ার খবর পাওয়া গেছে। কানাডায়ও যথাযথ ধর্মীয় ভাব-গম্ভীর পরিবেশে পবিত্র ঈদুল আযহা পালিত হয়েছে।

প্রতিদিন ৩ হাজার অভিবাসী গ্রেপ্তারের

প্রথম পৃষ্ঠার পর

২০০ জনের বেশি অভিবাসীকে আটক করেছে। বুধবার ২ হাজারের বেশি অভিবাসীকে আটক করা হয়েছে। এ দুই দিন আটকের সংখ্য যুক্তরাষ্ট্রজুড়ে সর্বোচ্চ।

এনবিসি নিউজ তাদের প্রতিবেদনে জানিয়েছে, গত মে মাসে হোয়াইট হাউস থেকে নির্দেশনা দেয়া হয় আইস প্রতিদিন গড়ে ৩ হাজার অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার করে। এজন্য নতুন কৌশল অবলম্বন করে। যারা বিকল্প আটক কর্মসূচির আওতায় অর্থ্যাৎ জিপিএসের মাধ্যমে নজরদারীতে রয়েছেন এমনঅভিবাসীদের গণ-এসএমএসের মাধ্যমে নির্ধারিত সময়ের আগেই আইস অফিসে আসতে বলা হয়েছিল। তারা উপস্থিত হলে তাদের গ্রেপ্তার করা হয়।

আইনজীবীরা জানান, সাতজন অভিবাসীকে আইস অফিসের বাইরে হাতকড়া পরিয়ে সাদা গাড়িতে তুলে নিতে দেখা গেছে।

আটককৃতদের মধ্যে ৩০ বছর বয়সী এক কলম্বিয়ান ব্যক্তির আইনজীবী মার্গারেট কারগিওলি, যিনি ইমিগ্র্যান্ট ডিফেন্ডার্স ল সেন্টারের পরিচালক, জানান যে তার মক্কেল নিয়মিতভাবে আইস-এর সব নির্দেশ মেনে চলতেন এবং খুবই সহযোগী ছিলেন। এই পরিস্থিতিতে অভিবাসীরা এখন উভয় সংকটে পড়েছেন। এছাড়া আদলতে নিয়মিত শুনানীতে হাজিরা দিতে যাওয়া অভিবাসীদের গ্রেপ্তার করছে আইস।

দ্য গার্ডিয়ান শনিবার এক প্রতিবেদনে জানিয়েছে, আইস এর শীর্ষ কর্মকর্তারা তাদের অফিসারদের প্রতি আহ্বান জানান যেন তারা অভিবাসন আইন প্রয়োগের ক্ষেত্রে নতুন নতুন কৌশল অবলম্বন করতে। এমনকি যাদের বিরুদ্ধে ওয়ারেন্ট নেই এমন অনিবন্ধিত অভিবাসীদেরও গ্রেপ্তার করতে, যদি তারা অন্যদের গ্রেপ্তারের সময় সামনে পড়ে যান। এই ধরনের ব্যক্তিদের "কোল্যাটেরাল" বলা হচ্ছে।

গত ২১ মে'র এক বৈঠকে হোয়াইট হাউসের ডেপুটি চিফ অব স্টাফ স্টিফেন মিলার এবং হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোওম র নির্দেশ দেন যে গ্রেপ্তারের সংখ্যা নাটকীয়ভাবে বাড়াতে হবে। প্রতিদিন ৩,০০০ জন এবং বছরে এক মিলিয়নের বেশি মানুষ গ্রেপ্তার করতে হবে।

এই হঠাৎ চালানো ধরপাকড়ের ফলে ব্যাপক বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে। অনেক ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকদের ভুলবশত আটক করা হয়েছে, এবং আটক কেন্দ্রগুলো মারাত্মকভাবে অতিরিক্ত ভিড়ে পড়েছে, যা পুরো ব্যবস্থাকে অকার্যকর করে তুলছে।

বর্তমানে অভিবাসী আটক কেন্দ্রে ধারণ ক্ষমতার বেশি প্রায় ৫৩ হাজার জন আটক রয়েছেন। আটক কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি ও নতুন কেন্দ্র খোলার বিষয়ে জোর পদক্ষেপ চালাচ্ছেন সংশ্লিষ্টরা। ফেডারেল সরকারের কাছে অর্থ চাওয়া হয়েছে নতুন ও আটক কেন্দ্রে বেড সংখ্যা বৃদ্ধির জন্য।

নিউইয়র্কে আবারো স্কুল ছাত্রকে আটক

প্রথম পৃষ্ঠার পর

জানান, তাঁরা লবিতে এক ঘণ্টারও বেশি সময় অপেক্ষা করার পর যখন ভেতরে প্রবেশের চেষ্টা করেন, তখন তাঁদের প্রবেশাধিকার প্রত্যাখ্যান করা হয়। তারা হতাশ হয়ে ফেডারেল প্লাজা ত্যাগ করেন।

অ্যাড্রিয়ানো এস্পায়াৎ বলেন, "আইস আমাদের সকলের অধিকার লঙ্ঘন করেছে, কারণ আমরা এখানে এসেছি জনগণের অধিকার রক্ষার জন্য, ফেডারেল ভবনগুলিতে প্রবেশাধিকার ও তদারকির মাধ্যমে নিশ্চিত করা যায় যে আইন অনুযায়ী সবকিছু হচ্ছে কি না। কিন্তু আজ আমাদের সেই সাংবিধানিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে। একটি অভিবাসী আটক কেন্দ্রে প্রবেশ করতে চাইলেও এক উপপরিচালক প্রবেশে অনুমতি দেননি।"

এই দুই কংগ্রেস সদস্য সাম্প্রতিক কিছু ঘটনায় উদ্বেগ প্রকাশ করে তাঁরা আরও বলেন, "অভিবাসীদের যে পরিবেশে রাখা হচ্ছে, তা উদ্বেগজনক বিশেষ করে ঠাসাঠাসি ভিড়, অসহনীয় গরম এবং অনেককে মেঝেতে ঘুমাতে বাধ্য করার অভিযোগ এসেছে।"

অবৈধভাবে বসবাস: মিলিয়ন ডলার

১৩-এর পৃষ্ঠায় পর

পর আদালতের বিচারক সেটি প্রত্যাখান করে ডিপোর্ট আদেশ দেন। বিষয়টি নিয়ে পরবর্তীতে কোন আইনী প্রক্রিয়া গ্রহণ করিনি, কারণ এরকম আইন সম্পর্কে কোন ধারণা ছিলোনা। কোনদিন কোন সমস্যায়ও পড়তে হয়নি।

ওই ব্যক্তি আরো জানান, গত বছর ইমিগ্র্যান্ট সংক্রান্ত বাইডেনের নতুন সুবিধা ঘোষণার পর আবেদন করেছিলাম। কিন্তু এখন ট্রাম্প প্রশাসন বাতিল করে দিয়েছে। এরকম ঘটনার শুনার পর এটর্নীর কাছে গিয়েছিলাম পরামর্শের জন্য। এটর্নীও আপতত বিষয়টি পর্যবেক্ষণ করার জন্য বলেছেন। এরকম নোটিশ আসলে দ্রত যোগাযোগ করতে বলেছেন। তবে জরিমানা হলে আইনী প্রক্রিয়ায় এরকম জটিল বিষয় থেকে সমাধান পাবো কিনা জানিনা।

ইমিগ্রেশন বিশ্লেষক মইনউদ্দিন নাসের বলেন, বিষয়টি খুবই উদ্বেগের। ডিপোর্ট আদেশ পাওয়ার পর এরকম যারা কোন আইনী প্রক্রিয়া ছাড়া এদেশে ছিলেন তাদেরকে জরিমানা করার আইন দীর্ঘদিনের পুরোনো। এ আইন এতদির প্রয়োগ করেনি কর্তৃপক্ষ। এখন সেটি প্রয়োগ করা হচ্ছে। তাই এরকম ঝুঁকিতে যারা আছেন তারা এরকম বিষয় ও নিজের স্থাবর সম্পত্তি সবকিছুর আইনীভাবে সুরাহা করা প্রয়োজন। এছাড়া বিষয়টি নিয়ে আগে থেকে এটর্নীর সাথে পরামর্শ করা খুবই গুরুত্বপূর্ণ। গ্রেপ্তার হয়ে ডিপোর্ট হওয়া থেকে নিজ থেকে সেলফ ডিপোর্ট এর মাধ্যমে দেশে ফিরে যাওয়া উচিত। তাহলে ৮ বছর পর আবার বৈধভাবে আবার ফিরে আসার সুযোগ থাকবে। এক্ষেত্রে বুঝেশুনে সঠিক সিদ্ধান্ত নেয়া দরকার।

ইন্টারন্যাশনাল বার অ্যাসোসিয়েশনের পরিচালক ও ইমিগ্রেশন বিশেষজ্ঞ অ্যাটর্নি মঈন চৌধুরী জানান, জরিমানা নোটিশপ্রাপ্ত ওই ব্যক্তি একজন বাংলাদেশি। তাঁর প্রাইভেসীর জন্য নাম প্রকাশ করা সম্ভব না। ২০ বছর আগে তাঁর অ্যাসাইলাম কেইস আদালতে প্রত্যাখ্যাত হওয়ার পর তিনি যুক্তরাষ্ট্রে থেকে যান। এজন্য তাঁকে এ জরিমানা করা হয়েছে।

মঈন চৌধুরী জানান, যারা ডিপোর্ট আদেশ পাওয়ার পরও এদেশে অবস্থান করছেন কোন আইনী পদক্ষেপ ছাড়া তারা এ ধরনের চিঠি এখন পেতে পারেন। এ সংক্রান্ত ইমিগ্রেশন ন্যাশনালিটি অ্যাক্টের (আইএনএ) ধারায় ১৯৫২ সালের আইনটি ১৯৯৬ সালে আইনটি সংস্কার করা হয়েছিল। সেই আইনের আওতায় এ জরিমানা করা হচ্ছে। আগে এই আইনটি বলবৎ ছিল। কিন্তু কার্যকর ছিল না তেমন। ট্রাম্প প্রশাসন এই আইনের প্রয়োগ



নিউইয়র্ক'এ বিভিন্ন স্থানে পবিত্র ঈদ-উল আযহার ঈদ জামাত






ব্রুকলিনের চার্চ ম্যাকডোনাল্ডে বায়তুল জান্নাহ জামে মসজিদের উদ্যোগে উন্মুক্ত স্থানে ঈদুল আযহার জামাত অনুষ্ঠিত হয়



নিউইয়র্ক পুলিশে ৫ বাংলাদেশির পদোন্নতি



শেষ পৃষ্ঠায় পর অ্যাভিনিউর স্টার কাবাব হলরুমে।

সভায় প্রধান অতিথি ছিলেন সিরাজুল আলম খান ফাউন্ডেশন এন্ড রিসার্চ সেন্টারের চেয়ারম্যান ও দৈনিক সমকালের উপদেষ্টা সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আবু সাঈদ খান। তিনি বলেন, "মহান মুক্তিযুদ্ধের ইতিহাসের দলীয়করণ, পারিবারিকীকরণ ও ব্যক্তিকরণের ফলে আমরা কাঙ্ক্ষিত বাংলাদেশ গড়তে ব্যর্থ হয়েছি। তবে এর মানে এই নয় যে অতীতে আমরা ভালো ছিলাম। বর্তমানে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান আমাদের সামনে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে, যেখানে মুক্তিযুদ্ধের চেতনায় জাতীয় ঐক্য অপরিহার্য।"

তিনি আরও বলেন, "দেশের মানুষ গণতন্ত্রকে ভোটের মাধ্যমে নিজেদের আকাঙ্ক্ষা প্রকাশের সুযোগ হিসেবে দেখে। এই ভোটাধিকার রক্ষার প্রশ্নে সিরাজুল আলম খান আজ থেকে ৪৫ বছর আগে রাষ্ট্র সংস্কারের যে প্রস্তাব দিয়েছেন, তা আজও সময়োপযোগী।"

সভায় সভাপতিত্ব করেন এডভোকেট মুজিবুর রহমান এবং পরিচালনা করেন স্মৃতি পরিষদের সদস্য সচিব শাহাব উদ্দীন। বক্তব্য দেন এডভোকেট মতিউর রহমান, মুজিবুর রহমান (লিগ্যাল কনসালটেন্ট), বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ হোসেন খান, সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন, মোজাহিদ আনসারি, জামান তপন, নজরুল ইসলাম, প্রোগ্রেসিভ ফোরামের জাকির হোসেন বাচ্চু, আবুল হোসেন, সৈয়দ জুয়েল প্রমুখ।

বক্তারা বলেন, সিরাজুল আলম খানের জীবনদর্শন, রাষ্ট্রচিন্তা ও স্বাধীনতা সংগ্রামে অবদান আজকের প্রজন্মের কাছে তুলে ধরা জরুরি।

স্মৃতি পরিষদের পক্ষ থেকে জানানো হয়, তাঁর দ্বিতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে আগামী ২২ জুন বিকাল ৬টায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে একটি স্মরণ সভার আয়োজন করা হয়েছে। সভায় অংশগ্রহণের জন্য প্রবাসী বাংলাদেশিদের আমন্ত্রণ জানানো হয়।

নিউইয়র্কে সিরাজুল আলম খান স্মৃতি পরিষদের সভা

শেষ পৃষ্ঠায় পর

মালিক অভিনন্দন জানিয়েছেন পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের।

তাঁরা বলেন, এই অর্জন বাংলাদেশি আমেরিকান পুলিশ এসোসিয়েশনের প্রতিটি সদস্যকে উজ্জীবিত করেছে এবং তাঁদের সাফল্য পরবর্তী প্রজন্মের জন্য দৃষ্টান্ত হয়ে থাকবে।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইল পবিত্র ঈদুল আযহার শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য আর এই ইমিগ্রেশন বিষয় যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত এই বিভাগ আপনাদের জন্য। এ কারণেই এই বিভাগের মাধ্যমে আপনারা এতোটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হব।

কুইন্স থেকে ফরহাত হোসেনের প্রশ্ন ঃ ইমিগ্রেশন সম্পর্কে আমার তেমন পরিস্কার কোন ধারণা নেই বেলেই হয়তো আমি এই বিভাগে প্রকাশিত লেখা পড়ে কিছুটা ধারণা লাভ করার চেষ্টা করে থাকি। আজ আমার প্রয়োজনে আমি একটি বিষয় সম্পর্কে জানতে একটি প্রশ্ন উল্লেখ করছি।

আমার প্রশ্নটি হচ্ছে, ইউএস সিটিজেনের ভাইবোনদের সাক্ষাতকার এবং এদেশের বাইরে তাদের আসা-যাওয়া প্রসঙ্গে। এ ব্যাপারে পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো। এর ঠিকানা পরিবর্তনের রিপোর্টের জন্য কি দরকার।

ইমিগ্রেশন বিষয়ে আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে এবং এ বিষয়ে আপনাদের কিছুটা ধারণা দেবার জন্য আমরা চেষ্টা করে থাকি। যদিও আমাদের পরামর্শ হচ্ছে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করা ভালো।

ইমিগ্রেশন আইন অনুযায়ী গ্রিনকার্ড পাবার দু'টি পন্থা আছেঃ

স্ট্যাটাস্ক এ্যাডজাস্টমেন্টের মাধ্যমে গ্রিনকার্ডপ্রাপ্তি। আপনি যদি ইউএসএ'তে অবস্থান করেন এবং আপনার ভিসার প্রাপ্যতা থাকে আর আপনার স্ট্যাটাস যদি এ্যাডজাস্টমেন্টের যোগ্য হয় সেক্ষেত্রে আপনি ইউএসএ থেকে স্ট্যাটাস এ্যাডজাসাটমেন্টের মাধ্যমে গ্রিনকার্ড পেতে পারেন।

এর অর্থ হচ্ছে আপনি নির্দিস্ট কতিপয় শর্ত পূরন করেছেন। পারিবারিক ভিত্তিতে যেসব কেস জন স্পন্সরের মতো নয় সেক্ষেত্রে পরিবারের সদস্যদের ক্ষেত্রে ব্যতিক্রম রয়েচে।

যেমনঃ ইউএস সিটিজেনদের অব্যবহিত পারিবারিক সদস্যরা (স্পাউস, মা-বাবা, ২১ নিম্ন বয়সী অবিবাহিত পুত্র-কন্যা)।

যদি তারা ইউএসএ'র ভেতরে থাকেন এবং তারা যদি বৈধ ভিসায় ইউএসএ এসে থাকেন তবে তারা ইউএসএ থেকেই তাদের স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন। বর্তমান স্ট্যাটাস প্রাসঙ্গিক হবে না। এর অর্থ আপনি যদি কোন ইউএস সিটিজেনের অবিবাহিত আত্মীয় হয়ে থাকেন তবে আপনার বৈধ অবস্থানের মেয়াদ শেষ হয়ে গেলেও এদেশের ভেতরে থেকেই স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন।

অন্যান্য পারিবারিক ভিত্তির ক্ষেত্রে তাদের প্রবেশ বৈধ ভিসায় এবং বর্তমান স্ট্যাটাসও বৈধ থাকতে হবে। যেমন আপনার ভাই একজন ইউএস সিটিজেন এবং তিনি ১০ বছরের অধিক আগে আপনার জন্য আবেদন করেছেন। এখন ভিসার প্রাপ্যতা আছে এবং ভিসার ভ্যালিডিটি থাকতে হবে।

আপনার ভিসার বৈধতা না থাকলে এখন থেকে স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন না।

এ ব্যাপারে যেকোন পদক্ষে গ্রহণের আগে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে পরামর্শ করা উত্তম বলে আমরা মনে করি।

গ্রিনকার্ডধারীসহ বিদেশী নাগরিকরা ঠিকানা পরিবর্তন করে নতুন জায়গায় গেলে ১০ দিনের মধ্যে নতুন ঠিকান তথ্য ইউএস সিআইএসকে জানাতে হবে।

প্রক্রিয়াটি সহজ, ফ্রি এবং এআর-১১ ফরম অন লাইনে পূরনের মাধ্যমেও করা যায়।

যদিও ইউসিআইএস ঠিকানা পরিবর্তনের এই প্রক্রিয়া লংঘনের জন্য কাউকে শাস্তি দেয় না। তবে এই আইনের অধীনে ইমিগ্রেশন এই আইন অনুসরন না করার জন্য গ্রিনকার্ড বাতিল করে দিতে পারে। আবারো পরামর্শ এ ব্যাপারে প্রয়োজনে একজন এটর্নীর সাহায্য নিতে পারেন।

জুন ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টেট ডিপার্টমেন্ট ডিওএস জুন ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ নির্ণয় হবে এর পূর্বে।

জুন ২০২৫ এর সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস:

প্রথমঃ (এফ ১): ইউ এস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যাঃ জুন ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস। স্বামী/স্ত্রী, সন্তান- অবিবাহিত পুত্র কন্যা।

এ. (এফ ২ এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান। জানুযারী ০১, ২০২২।

বি. (এফ ২ বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সী)। সেপ্টেম্বর ২২, ২০১৬।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: জুন ২২, ২০১১।

চতুর্থঃ (এফ ৪)ঃ প্রাপ্ত বয়স্ক ইডএস সিটিজেনদের ভাইবোনঃ জানুয়ারী ০১, ২০০৮।

পারিবারিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

আপনার জন্য সব সময় আমাদের পরামর্শ হচ্ছে– প্রয়োজনে একজন ইমিগ্রেশন এটর্নীর সাথে পরামর্শ করা ভালো।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, OB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *প্র্যাক্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

বিপুল উৎসাহ উদ্দীপনায় ফিলাডেলফিয়ায় বইমেলা-২০২৫ অনুষ্ঠিত



শেষ পৃষ্ঠায় পর

সঙ্গীত পরিবেশন এবং ২০০ ছাত্রছাত্রীর চিত্রাঙ্কন প্রতিযোগিতার মধ্য দিয়ে বইমেলার সুচনা হয়। এসময় মুক্তধারার কর্ণধার বিশ্বজিত সহ সর্বস্তরের প্রবাসীরাও উপস্থিত ছিলেন।

মেলায় প্রবাসী মুক্তিযোদ্ধাদের সম্মান জানানোর পাশাপাশি দিনভর জুড়ে আরো ছিলো কবিতা, গান, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। মেলায় বইয়ের স্টলের পাশাপাশি ছিল দেশীয় খাবার, মেহেদি, পোশাক ও চুড়িসহ নানা রকম পণ্যের স্টল। ফলে বইমেলা বহুমাত্রিক মেলায় পরিণত হয়। যেখানে বই আর সংস্কৃতি মিলেমিশে হয়ে উঠে একাকার। অনুষ্ঠানের মূল পর্বে পেনসিলভেনিয়ার গভর্নর জশ শাপিরোর পক্ষ থেকে শুভেচ্ছা বার্তা পাঠ করেন আকবর হোসেন এবং ফিলাডেলফিয়া মেয়র শেরল পার্কারের শুভেচ্ছা বাণী পড়ে শোনান ডক্টর নীনা আহমেদ।

তরুণ ও জনপ্রিয় লেখক সাদাত হোসাইন তো ছিলেনই, পাশাপাশি আলোচনায় অংশ নিয়েছেন চৌকস চিন্তাশীল ব্যক্তিরা। দিনভর চলেছে কবিতা, গান, আলোচনা ও নানা সাংস্কৃতিক অনুষ্ঠান- সবকিছু দর্শকরা উপভোগ করেছেন গভীর মনোযোগে।

বইমেলা প্রাঙ্গন সরজমিন ঘুরে দেখা যায়, প্রাণবন্ত পরিবেশে উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশী জনসমাজের জন্য এটি ছিল এক গুরুত্ববহ ও অর্থবহ আয়োজন ছিলো। পেনসেলভেনিয়ায় প্রথমবারের মতো এমন আয়োজন হলেও কোথাও কোনো ঘাটতি চোখে পড়েনি। বরং আয়োজকদের আন্তরিকতা, বিনয়, আর নিরলস পরিশ্রম উপস্থিত সবাইকে মুগ্ধ করেছে। উপচে পড়া প্রবাসী জনসমাগমকে সুন্দরভাবে সামাল দিয়ে বইমেলার দিনটি রূপ নিয়েছিল এক উজ্জ্বল উৎসবে।















যুক্তরাষ্ট্রে বিপাকে বহু বাংলাদেশি: করণীয় কি?

অবৈধভাবে বসবাস: মিলিয়ন ডলার জরিমানা

বাংলা পত্রিকা রিপোর্ট: আদালতের ডিপোর্টেশন আদেশ পাওয়ার পরও যুক্তরাষ্ট্রে দীর্ঘদিন অবস্থান করা অভিবাসীদের বিপুল অর্থের জরিমানা শুরু করেছেন ইউএস ইমিগ্রেশন এন্ড এনোফোর্সমেন্ট জরিমানা বিভাগ। ইতোমধ্যে ডিপোর্ট আদেশ প্রাপ্ত বিভিন্ন দেশের নাগরিককে দেড় থেকে দুই মিলিয়ন ডলার জরিমানা নোটিশ পাঠিয়েছে ইমিগ্রেশন এন্ড এনোফোর্সমেন্ট কৃর্তৃপক্ষ। সর্বশেষ পাওয়া তথ্যে ইমিগ্রেশন এন্ড এনোফোর্সমেন্ট নিউইয়র্কে বসবাসরত ৫৫ বছর বয়সী এক অভিবাসী বাংলাদেশীকে ১.৮২০ মিলিয়ন ডলার (যা বাংলাদেশি ২২ কোটি টাকা প্রায়) জরিমানা নোটিশ পাঠিয়েছে। আর এতে ডিপোর্ট আদেশপ্রাপ্ত অভিবাসী বাংলাদেশিরা বিপাকে পড়েছেন।



ছবি: প্রতীকী ও সংগৃহীত

ইমিগ্রেশন বিশ্লেষকদের ধারণা, আদালতের ডিপোর্ট অর্ডার পাওয়ার পর যারা কোন আইনী প্রক্রিয়া গ্রহণ করেননি এমন অভিবাসী ব্যক্তিরা এমন জরিমানার মুখোমুখি হতে পারেন। আর জরিমানার এ বিষয়টি আইনী প্রক্রিয়ায় নিষ্পত্তি না করলে তার যুক্তরাষ্ট্রে থাকা সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত হতে পারে আশংকা করা হচ্ছে।

জানা গেছে, বাংলাদেশি ৫৫ বছর বয়সী ওই ব্যক্তির অ্যাসাইলাম আবেদন ইমিগ্রেশন আদালতে ২০০৫ সালে প্রত্যাখান হয়ে যায়। এতে ডিপোর্ট আদেশ পাওয়ার পর তিনি যুক্তরাষ্ট্রে থেকে যান। এখানে তার পরিবার রয়েছে। তারা সবাই এদেশের নাগরিক। গত সপ্তাহে তাঁর ঠিকানায় ১.৮২০ মিলিয়ন ডলার জরিমানার নোটিশ আসে। ডিপোর্ট আদেশ পাওয়ার পরও এদেশে যতদিন ধরে অবস্থান করছেন সেই দিন হিসেব করে তাঁকে এ জরিমানা করা হয়। ফেডারেল কর্তৃপক্ষ থেকে বিপুল পরিমাণ অর্থের এ জরিমানা নোটিশ পেয়ে পরিবার নিয়ে বিপাকে পড়েছেন তিনি। নিরূপায় হয়ে তিনি অ্যাটর্নির দ্বারস্থ হয়েছেন।

২০১০ সালে ইমিগ্রেশন আদালতে অ্যাসাইলাম কেইস প্রত্যাখাত হওয়া এক বাংলাদেশি অভিবাসী যিনি এ খবর শুনে চরম দুশ্চিন্তায় পড়েছেন। তিনি জানান, ১৯৯৯ সালে তিনি এদেশে আসেন। এরপর রাজনৈতিক আশ্রয় চেয়ে অ্যাসাইলাম কেইস করেন। এর মধ্যে তিনি গ্রিনকার্ডধারী একজন বাংলাদেশিকে বিয়ে করেন। বর্তমানে তাদের দুজন সন্তান রয়েছে যারা এদেশে কলেজে পড়াশুনা করেছে। দীর্ঘদিন ৭-এর পৃষ্ঠায় দেখুন

তৃতীয় দিনের মতো উত্তাল লস অ্যাঞ্জেলেস, ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে মামলার হুমকি স্থানীয় সরকারের

অনলাইন ডেস্ক: অভিবাসীবিরোধী অভিযানের প্রতিবাদে টানা তৃতীয় দিনের মতো বিক্ষোভ চলছে ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেসে। ভয়াবহ আকার ধারণ করেছে বিক্ষোভ সমাবেশ। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিক্ষোভকারীরা মুখোমুখি অবস্থানে রয়েছে। অগ্নিগর্ভে পরিণত হওয়া লস অ্যাঞ্জেলেসে প্রতিবাদকারীদের পিছু হটাতে কাঁদানে গ্যাস, ফ্লুযাশ ব্যাং ও রাবার বুলেট ছুঁড়ছে নিরাপত্তা বাহিনী। তাদের দিকে পাল্টা বোতল ও ইট-পাথর ছুঁড়ছে ক্ষুব্ধ জনতা।

এমন পরিস্থিতিতে ন্যাশনাল গার্ডের ৩০০ সেনাকে মাঠে নামিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুধু তাই নয়, যেকোনো সময় মাঠে নামানোর জন্য প্রস্তুত রাখা হয়েছে ৫০০ মেরিন সেনাকে। ১৯৬৫ সালের পর এবারই প্রথম কোনো অঙ্গরাজ্যের প্রশাসনের অনুমোদন ছাড়াই ওই অঙ্গরাজ্যে ন্যাশনাল গার্ড মোতায়েন করল ফেডারেল সরকার।

ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম ট্রাম্প প্রশাসনের এই পদক্ষেপকে 'উসকানিমূলক' আখ্যা দিয়ে কড়া সমালোচনা করেছেন। স্থানীয় সরকারের অনুমতি ছাড়া ন্যাশনাল গার্ড মোতায়েন করায় ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে মামলা করবেন বলে হুমকিও দিয়েছেন তিনি।

এর আগে ক্যালিফোর্নিয়ার গভর্নর নিউসম এবং লস অ্যাঞ্জেলেসের মেয়র ক্যারেন ব্যাস হোয়াইট হাউসকে কেন্দ্রীয় বাহিনী প্রত্যাহারের আহ্বান জানান।

ন্যাশনাল গার্ড মোতায়েন ইস্যুতে ডোনাল্ড ট্রাম্পকে প্রকাশ্যে 'ঠান্ডা মাথার মিথ্যাবাদী' বলে অভিহিত করেছেন ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম। এর আগে ট্রাম্প দাবি করেছিলেন শুক্রবার ফোনালাপে ন্যাশনাল গার্ড মোতায়েন নিয়ে কথা বলেছেন তাঁরা। তবে, এই দাবিকে পুরোপুরি মিথ্যা বলছেন নিউসম।

এনবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে নিউসম বলেন, 'তিনি (ট্রাম্প) ন্যাশনাল গার্ড নিয়ে কোনো কথা তোলেননি। অথচ তিনি বলেছেন, তিনি বিষয়টি নিয়ে আমার সঙ্গে আলোচনা করেছেন। একেবারে ঠাণ্ডা মাথার মিথ্যাবাদী তিনি।'

গভর্নর আরও বলেন, 'আমি সবসময় প্রেসিডেন্টের সঙ্গে দায়িত্বশীল ও সম্মানজনকভাবে কাজ করতে চেয়েছি। কিন্তু তাঁর সঙ্গে কাজ করার কোনো পথ নেই। তিনি কেবল চান সবাই তাঁর হয়ে কাজ করুক। আর আমি কখনোই ডোনাল্ড ট্রাম্পের হয়ে কাজ করব না।'

নিউসম আরও বলেন, ট্রাম্প প্রশাসন ন্যাশনাল গার্ড মোতায়েন করেছে তাঁর সঙ্গে আলোচনা না করেই, যা স্পষ্টতই প্রশাসনিক নিয়মের লঙ্ঘন। তিনি বলেন, 'প্রেসিডেন্টের নির্বাহী আদেশ অনুযায়ী, রাজ্যের গভর্নরের সঙ্গে সমন্বয় করা বাধ্যতামূলক। কিন্তু তারা আমাদের সঙ্গে কোনো সমন্বয় করেনি।' এদিকে, চলমান বিক্ষোভ নিয়ে একের পর এক মন্তব্য করেই যাচ্ছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একে ক্যালিফোর্নিয়ার নেতৃত্বে থাকা ডেমোক্র্যাট নেতাদের চাল বলে আখ্যা দিয়েছেন তিনি। এক পোস্টে বিক্ষোভকারীদের 'বেতনভোগী বিদ্রোহী' বলে অভিহিত করেছেন তিনি। তাঁর ভাষ্য- টাকার বিনিময়ে বিশৃঙ্খলা করছেন তারা। তিনি বলেন, 'এরা কোনো বিক্ষোভকারী নয়, এরা বিশৃঙ্খলাকারী ও বিদ্রোহী।'

অন্য একটি পোস্টে ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম এবং লস অ্যাঞ্জেলেসের মেয়র ক্যারেন ব্যাসকে ব্যর্থ আখ্যা দিয়েছেন ট্রাম্প। লিখেছেন, চলমান দাঙ্গাসহ অন্য সব ব্যর্থতার জন্য লস অ্যাঞ্জেলেসের বাসিন্দাদের কাছে ক্ষমতা চাওয়া উচিৎ ওই দুই ডেমোক্র্যাট নেতার।

এদিকে, গত দুদিনের তুলনায় তৃতীয় দিন বেশি ক্ষুব্ধ বিক্ষোভকারীরা। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার তথ্যমতে, লস অ্যাঞ্জেলেসের অন্যতম গুরুত্বপূর্ণ একটি ফ্রি-ওয়ে ১০১-এ একটি পুলিশের গাড়িতে আগুন ধরিয়ে দিয়েছে বিক্ষোভকারীরা। পুলিশের গাড়ি ছাড়াও গুগল মালিকানাধীন স্বচালিত গাড়ি ওয়েমোর দুটি গাড়ি জ্বালিয়ে দিয়েছে তাঁরা। এমন পরিস্থিতিতে ফ্রি-ওয়ে ১০১ বন্ধ ঘোষণা করেছে লস অ্যাঞ্জেলেস পুলিশ ডিপার্টমেন্ট। বিক্ষোভকারীদের শিগগিরই ফ্রি-ওয়ে ১০১ ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে। শহরের পুরো ডাউনটাউন এলাকাকে এখন 'অবৈধ সমাবেশ অঞ্চল' হিসেবে ঘোষণা করা হয়েছে। সবশেষ পাওয়া খবর পর্যন্ত, স্থানীয় সময় রোববার (বাংলাদেশ সময় সোমবার) আটক করা হয়েছে কমপক্ষে ১০ জনকে।

আল-জাজিরার লস অ্যাঞ্জেলেস প্রতিনিধি ফিল ল্যাভেলে বলছেন, গত কয়েক ঘণ্টায় নাটকীয় মোড় নিয়েছে বিক্ষোভ। বিক্ষুব্ধ জনতার সামনে অনেকটা কোণঠাসা হয়ে পড়েছে পুলিশ। ব্রিজের ওপর থেকে তাদের দিকে ইট-পাথর এমনকি জলন্ত পটকা ছুড়ে মারা হচ্ছে। নিরাপত্তা বাহিনীকে একপ্রকার ঘিরে রেখেছে বিক্ষোভকারীরা।



ফ্রি-ওয়ে ১০১ এ ব্রিজের ওপর থেকে পুলিশের গাড়ি লক্ষ্য করে পটকা ছুঁড়ছে বিক্ষোভকারীরা। ছবি: এএফপি


কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রুখসানা আলী আর নেই

শেষ পৃষ্ঠায় পর আলী সহ বহু আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধব রেখে গেছেন। তার দেশের বাড়ী সিলেটের বিয়ানীবাজারে, বসবাস করতেন সিটির ওজনপার্কে।

রুখসানা আলী বেশ কিছুদিন থেকেই ফুসফুস সংক্রমণ জনিত জটিলতায় ভুগছিলেন। ঈদের দুই দিন থেকে তার শারীরিক জটিলতা বৃদ্ধি পায় এবং প্রচন্ড শ্বাসকষ্টে ভুগছিলেন। নিউইয়র্ক সিটির ম্যানহাটানের কর্নেল হাসপাতালে তার চিকিৎসা চলছিল বলে টাইম টেলিভিশনের খবরে বলা হয়। মরহুমার নামাজে জানাজা শনিবার (৭ জুন) বাদ জোহর ওজনপার্কের আল আমান মসজিদে অনুষ্ঠিত হয়। এতে কয়েক শতাধিক মুসল্লি জানাজায় অংশ নেন। রোববার লং আইল্যান্ডের ওয়াশিংটন মেমোরিয়ালে তার মরদেহ দাফন করা হয়েছে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

জানা যায়, নিউইয়র্কের মূলধারার রাজনীতিতে বিশেষ করে ডেমোক্র্যাটিক পার্টির রাজনীতিতে অত্যন্ত সক্রিয় ছিলেন রোকসানা আলী। সিনেটের বার্নি সেন্ডার ও আলেকজান্দ্রিয়া ওকাসিয়া গ্রুপের সাথে তিনি ছিলেন ঘনিষ্ট। এই ধারা থেকে বিভিন্ন নির্বাচনে যারাই প্রতিদ্বন্দ্বীতা করতেন তাদের সহযোগিতায় তিনি ছিলেন সার্বক্ষনিক তৎপর। এবং বাংলাদেশী আমেরিকান পলিটিক্যাল প্রোগ্রেস-এর কো ফাউন্ডার ছিলেন। নিউইয়র্ক সিটি কাউন্সিল ও ষ্টেট অ্যাসেম্বলী নির্বাচনে তিনি ফেলিসিয়া সিং ও বাংলাদেশী-আমেরিকান মেরী জোবায়দা সহ বিভিন্ন প্রার্থীর নির্বাচনী প্রচারণায় সক্রিয় ভূমিকা পালন করেন।

রোকসানা আলীর মুত্যুতে গভীর শোকের ছাড়া নেমে এসেছে ওজনপার্ক সহ বাংলাদেশী কমিউনিটিতে। নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলীর ডিস্ট্রিক্ট ৩৭ এর সাবেক প্রার্থী মেরী জোবাইদা তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে মরহুমার রুহের মাগফেরাত ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।




রিয়া চক্রবর্তী। ছবি: সংগৃহীত

সুশান্ত মারা যাওয়ার পর বাধ্য হয়ে ব্যবসা শুরু করেন রিয়া

বিনোদন ডেস্ক: পাঁচ বছর আগে এই জুন মাসেই না ফেরার দেশে পাড়ি জমিয়েছিলেন বলিউড অভিনেতা সুশান্ত সিং রাজপুত। ২০২০ সালের ১৪ জুন বান্দ্রার অ্যাপার্টমেন্ট থেকে উদ্ধার হয়েছিল তাঁর মরদেহ। অভিনেতার পরিবার এবং ভক্তরা দাবি করেছিল সুশান্ত সিংহ রাজপুত আত্মহত্যা করেননি। তাঁকে আত্মহত্যা করতে বাধ্য করা হয়েছে। প্ররোচিত করেছেন প্রেমিকা রিয়া চক্রবর্তী। মামলা দায়ের করা হয় রিয়া ও তাঁর ভাইয়ের নামে। বিপদে পড়েন রিয়া, কমতে থাকে কাজ। একসময় কাজ প্রায় বন্ধ হয়ে গিয়েছিল রিয়ার। বাধ্য হয়ে ভাইকে নিয়ে শুরু করেন ব্যবসা। সম্প্রতি এক সাক্ষাৎকারে নিজেই এমনটা জানালেন রিয়া চক্রবর্তী।

রিয়া জানান, সুশান্তের মৃত্যুর পর অভিনয়ের প্রস্তাব আসা বন্ধ হতে থাকে তাঁর। ভাই শৌভিক ক্লুয়াট পরীক্ষায় ৯৬ শতাংশ নম্বর পেয়ে এমবিএ পড়ার জন্য ভর্তি হয়। তবে কয়েক মাসের মধ্যে তিনি গ্রেপ্তার হন। যার ফলে কোনো কোনো কোম্পানি তাঁকে চাকরিতে নেয়নি। কারণ, তাঁকে ঘিরে রয়েছে বিতর্ক। তারপরেই দুই ভাই-বোন মিলে রেডিমেড পোশাকের ব্যবসা শুরুর সিদ্ধান্ত নেন। তাঁদের ব্র্যান্ডের বিশেষত্ব হলো, পোশাকের মধ্যে থাকে বিশেষ বার্তা। প্রাধান্য পায় প্রতিবাদের ভাষা। ধীরে ধীরে সেই ব্যবসা বড় হয়েছে। বর্তমানে প্রায় ৩৮ কোটি টাকার বাজার মূল্য তাঁদের প্রতিষ্ঠানের।

সুশান্ত মারা যাওয়ার পর অভিনেতার বাবা ও বোনের লিখিত অভিযোগের ভিত্তিতে অভিনেত্রী রিয়া এবং তাঁর ভাই শৌভিক চক্রবর্তীকে গ্রেপ্তার করেছিল পুলিশ। পরে আদালতে মামলা ওঠার পর তাঁদের জেল হেফাজতে পাঠানো হয়। সেই সময় এ-ও শোনা গিয়েছিল, রিয়া নিয়মিত মাদক সরবরাহ করতেন সুশান্তকে। তবে রিয়া সব সময় পুরো বিষয়টি অস্বীকার করে গেছেন। রিয়া বারবার বলার চেষ্টা করেছেন, তিনি কোনোভাবে সুশান্তের মৃত্যুর ব্যাপারে জড়িত নন। তাঁকে মাদক সরবরাহ করার নেপথ্যেও তাঁর হাত ছিল না। দীর্ঘ পাঁচ বছর তদন্ত চলার পরে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা তাদের চূড়ান্ত রিপোর্টে সিবিআই নিশ্চিত করেছে, আত্মহত্যাই করেছিলেন সুশান্ত। একই সঙ্গে রিয়া ও তাঁর ভাইয়ের ওপর থেকে যাবতীয় চার্জশিট তুলে নেওয়া হয়।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com



PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

আজই ভোটার হিসেবে নিবন্ধন করুন

আপনার ভোট গুরুত্বপূর্ণ



ভোট দেওয়ার জন্য কীভাবে নিবন্ধন করবেন:

অনলাইনে নিবন্ধন করতে e-register.vote.nyc দেখুন

আপনি ডাকযোগে নিবন্ধন করতে পারেন অথবা জমা দিতে পারেন। আপনি ডাকঘর বা নির্বাচন অফিস থেকে ভোটার নিবন্ধন ফর্ম পেতে পারেন, তারপর আপনি এটি ডাকযোগে পাঠাতে পারেন অথবা আপনার স্থানীয় নির্বাচন বোর্ডে জমা দিতে পারেন।

জুনের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনাকে ডেমোক্র্যাট বা রিপাবলিকানদের মতো কোনও দলের সাথে নিবন্ধিত হতে হবে।

প্রাইমারি নির্বাচনের দিন
২৪ জুন

নিবন্ধনের শেষ দিন ১৪ জুন

আরও তথ্যের জন্য কল নম্বর ৩৪৭-৯৬৫-৩১৯৪ ইমেল নম্বর kazi@drumnyc.org
www.DrumBeatsNYC.org

DRUM
DESIS RISING UP AND MOVING

নিউইয়র্ক'এ বিভিন্ন স্থানে পবিত্র ঈদ-উল আযহার ঈদ জামাত

















সাহিত্য সাময়িকী

পারবে না
মতিন বৈরাগী

এভাবে পারবে না, পারবে না তুমি
উত্তরাধুনিক কৃষক-
তোমার হাতে যদি পাচন না থাকে,
অলিগার গরুগুলোর বিশৃঙ্খলা
ঠেকাবে কী করে?
উত্তরোপিনিবেশ নিয়ন্ত্রণ হলো পাচনের আল
দেখো বলদ হাঁটবে।

এভাবে পারবে না-
শ্রেণির বলদেরা মুড়িয়ে খেতে চায়
সৃজন সুষমা শিল্পের
তুমি কী করে ভাঙ্গবে শক্ত মাটির গিরা!
ক্ষমতার বাঁশি বাজলে
অষ্টক্যাল খাওয়া গরু আঁধারের তৃণে নাচে
ভেঙে ফেলে হালের লাঙল।

তোমার হাতের পাচন শক্ত করো, হে হলধর...
নইলে হবে শুধু আগাছার চাষবাস
এ-তো চিরকালীন কান্নার ভূমি;
জমে জমে পাথর হয়ে আছে।

যেখানে চিরকাল তোমার এবং আমার দেখা হয়
মাসুম আহমদ

তুমি চলে যাওয়ার পর আমি ভান করব
প্রেমের শুরু আছে কিন্তু শেষ নেই।
আমরা অনেক কিছুই ভুলে যাবো
এমনকি রোমান্টিক সময়ের হাতের স্পর্শ
আমাদের মনে থাকবে না।
আমি চলে যাওয়ার পর তুমি ভেবে নেবে
আমাদের কোন মানচিত্র নেই
আলাদা কোন পথ নেই বা উপসনালয় নেই
এমিনকি আমাদের কোন পরিকল্পনাও নেই।

অনেকে দিন পরে প্রাচীন বইয়ের গল্পে ঢুকে পড়ে
মাঝেমাঝে আমরা কল্পনা করে নেবো
পৃথিবী এখনও আমাদের দুজনের নামে ফিসফিস করে,
এখনও তুমি সে ভোরের বাতাস হয়ে
আমার জানালায় কড়া নাড়তে আসো,
যে ভোর বারবার ফিরে আসে
রোদ রঙে ব্রাশ করা ক্যানভাস নিয়ে
যে ক্যানভাসে পাখির গান প্রার্থনা হয়ে বাজেতে থাকে।

আমি জানি না আমাদের ঘর
এখনও তোমার নীরব চিহ্ন ধরে রেখেছে কিনা,
সমুদ্র তীরে গিয়ে ঢেউয়ের নীরবতায়
কেউ মুক্ত হওয়ার আশা ব্যক্ত করে কিনা,
আমাদের চোখ যে আলো ধরে রাখার কথা ছিলো
সে আলো শিখা হয়ে এখনও জ্বলছে কিনা,
অথবা আমার ভিতর তুমি
কিংবা তোমার ভিতর আমি
মাঝেমাঝে নিরব আগুন হয়ে জ্বলে উঠি কিনা।

কেউ জানে না পৃথিবীর সে গোপন পথের ঠিকানা
যেখানে চিরকাল তোমার এবং আমার দেখা হয়ে যায়!

শূন্য-ছায়ার রাত্রি
নাসরীন জাহান

পাতা ভেসে যায় আয়না গড়িয়ে পড়ে
ভাঙনের সুর যতই নিভৃতে হাঁটে
মন থেকে রোজ মননের ছায়া সরে,
শিলালিপিহীন রঙলিপিহীন কাটে।

মরে যাই রোজ মরুঝড় কুয়াশায়
পুরাণ পুড়িয়ে প্রেতাত্মা হেসে ওঠে,
ডানাভাঙা রাত নিঃসীম নিশানায়
পতনের পর পতন গড়ানো ঠোঁটে।

যতই বলোনা উল্লাসে কাটো তুমি
রাত্রি ভাসিয়ে আমি উড়ালের চাঁদে,
বেবাক শূন্য-বলে জীবনের ভূমি
গুমোট বৃক্ষ ততোই ফুঁপিয়ে কাঁদে।



নীরবতার প্রতিধ্বনি
আবু আফজাল সালেহ

আমি আমার ভিতরে চিৎকার শুনতে পাচ্ছি
আমার আত্মা মুক্তি পেতে আকুল
কিন্তু আমি কথা বলতে পারি না
আমার মুখে টেপ লাগানো এবং আমার কণ্ঠস্বর ভারী মনে হচ্ছে
অনেক যন্ত্রণা-- গলাকে ব্যথিত ও ক্ষত করে
আমাকে ভিতর থেকে পুড়িয়ে ফেলছে-- আমি কিছুই করতে পারি না
আমার বুকে ঘন নীরবতা
আমি ভেঙে পড়তে চাই কিন্তু আমার সংকল্প বাধা দেয়
আমাকে আমার যন্ত্রণা প্রকাশ করতে হবে,
খুব উঁচু থেকে চিৎকার করতে হবে
কিন্তু আমি আমার বোধশক্তি খুঁজে পাচ্ছি না।
বোধ সাহসী করে তোলে

আমার কণ্ঠস্বর শোনা যায় না- কেবল নীরবতাই প্রকাশ করে।

অস্থিরতার অর্ঘ্য
এইচ বি রিতা

একটি চক্রাবর্তে বেঁধে গেছে জনমের ক্রোধ
যেনো জিউসের বিদ্যুৎ শিখা
আকাশের বুক চিরে ফেলছে
ধ্বংসের অশনি সংকেত ছড়িয়ে দিচ্ছে চারিদিকে।

চাঁদের আলোয় অ্যারিসের ছায়া নেচে বেড়ায়
অ্যাথেনার চোখে বিক্ষোভ,
মনে হয়, পৃথিবীর প্রতিটি কোণ
একটি নতুন যুদ্ধের আগমনী বার্তা শুনছে।

প্যান্ডোরা'রা ভুল করে বাক্সটি খুলে দেয়-
অস্থির পৃথিবীর বুকে
ছড়িয়ে পড়ে অশুভ শক্তি পৃথিবীতে,
মর্ত্যের মানুষের দেহে, মনে।

আরশিতে ভেসে ওঠছে অ্যাকিলিসের প্রতিচ্ছবি,
যুদ্ধের উত্তাপে জ্বলে উঠছে চিরকালীন ক্রোধ
এক অসমাপ্ত অস্থিরতা
যার অবসান নেই, নেই মুক্তি।

এমনই সময়ে প্রমিথিউসের বাণী শুনতে পাই
দেখি, মানুষের জ্বলন্ত হৃদয়ে প্রতিধ্বনি উঠছে
শিকলবাঁধা স্বাধীনতার মুক্তির আহবানে।

আমি শুধু ভাবছি- যখন সবকিছু শেষ হবে,
হয়তো তখনই মিলবে প্রশান্তি।

বিধ্বস্ত বোধের গল্প
তুহীন বিশ্বাস

কিংবা বিধ্বস্ত বিবস্ত্র বোধের গল্প...
রসাত্মক প্রচ্ছদে তিক্ত বিষাক্ত ছায়া,
শাড়ির সুগন্ধি আঁচলে ঢাকা সর্বনাশ
অন্ধ বিবেকের ভ্রূণ ধ্বংস হয় নিমিষে।

নয়তো উচ্ছিষ্ট পরিত্যক্ত শব্দের কাব্য;
স্বার্থান্বেষী নির্দিষ্ট ভক্তরা জয়গানে মত্ত,
অন্ধকারে বিক্রি হওয়া সতীত্বের পঙক্তি
সবুজ অবুঝ নির্বোধ পাঠক অশ্রুজলে।

অথবা লাস্যময়ীর নিঃস্ব হওয়া সময়;
শূন্য হস্তে ফিরিয়ে দেয় মাকালের দল,
শরীর বেয়ে মাটিতে লোটায় কর্মফল
আর অসভ্যই সভ্য সমাজের কর্ণধার।

ELECT

JANICE CHEN

DEMOCRAT FOR CIVIL COURT JUDGE



Qualified!
EQUAL JUSTICE FOR BROOKLYN'S CIVIL COURT
"Qualified – Kings County Screening Committee"

PREPARED
QUALIFIED
TRUSTED

Janicechenforcivilcourt.com

Vote. Democratic Primary, Tues. June 24

EARLY VOTING JUNE 14-22

PAID FOR BY JANICE CHEN FOR CIVIL COURT



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR
Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ব মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- প্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

